ভবদেবপদ্ধতিঃ
শ্রীশ্যামাচরণশর্ম্মকবিরত্নবিদ্যাবারিধি
বেণীমাধব শীলস্ লাইব্রেরী

শ্রীভবদেবপদ্ধতিঃ

—:*:—

বৃদ্ধিশ্রাদ্ধ-বৈদিকব্যাকরণসমেতা
টীকা-টিপ্পণী-বঙ্গানুবাদসহিতা চ

শ্রীশ্যামাচরণকবিরত্নবিদ্যাবারিধি

সম্পাদিতা

চতুর্থ-সংস্করণম্

প্রকাশক :
বেণীমাধব শীল'স লাইব্রেরী
১৬৭, ওল্ড চীনাবাজার স্ট্রীট, কলিকাতা-৭০০ ০০১

মুদ্রক :—
এ. বি. সি. প্রিন্টার্স
কলিকাতা-৭০০ ০০৬

মূল্য : ৪৫.০০ টাকা (কভার)।
মূল্য : ৫০·০০ টাকা (বোর্ড)।

দ্রষ্টব্যঃ।—শ্যামাচরণ কবিরত্ন কর্ত্তৃক সম্পাদিত, প্রণীত বা সংশোধিত বলিয়া গীতা, চণ্ডী, মেঘদূত, মুগ্ধবোধ ব্যাকরণ প্রভৃতি কয়েকখানি পুস্তক বাজারে বাহির হইয়াছে। উহা "আহ্নিককৃত্য" প্রভৃতি গ্রন্থপ্রণেতা খ্যাতনামা শ্যামাচরণ কবিরত্ন বিদ্যাবারিধি মহাশয়ের নাম মনে করিয়া অনেকে প্রতারিত হইতেছেন বলিয়া, তাঁহার সমস্ত পুস্তকের মলাটে তাঁহার স্বাক্ষর ও গ্রন্থমধ্যে তাঁহার ফটো প্রদত্ত হইতেছে।

প্রকাশক

সূচীপত্রম্—

মঙ্গলাচরণম্

গ্রন্থস্যাস্য নির্বিঘ্নমুত্রাপণপরিসমাপ্তয়ে পরমপূজনীয়পদারবিন্দঃ পিতৃদেবো মঙ্গলমাচরতি ভবদেবেতি। ভবস্য সংসারস্য দেবো রাজেতি বা; ভবস্য সংসারস্য দেব আরাধ্য ইতি বা; ভবস্য শিবস্য দেব আরাধ্য ইতি বা; ভবত্যস্মাজ্জগদিতি ভবো ব্রহ্মা তস্য দেব আরাধ্য ইতি বা; ভবতি বহুস্থেতি ভবঃ, দীব্যতি গচ্ছতি সৃষ্টপদার্থানমুপ্রবিশতীতি দেবঃ ("বহু স্যাং প্রজায়েয়" ইতি, "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশ"দিতি চ শ্রুতেঃ) ভবশ্চাসৌ দেবশ্চেতি বা; বালিকা যথা আদৌ নির্ম্মাণং, ততঃ কিয়ৎকালং রক্ষণং, পশ্চাদ্ভঞ্জনঞ্চ কৃত্বা সৈকতবেদিকাকৃত্রিমপুত্রকাদিভিঃ ক্রীড়তি, ব্রহ্মবিষ্ণুশিবাকৃতিভিস্তথা কৃত্বা ভবেন সংসারেণ দীব্যতি ক্রীড়তীতি বা; ভবে সংসারে দীব্যতি ভাসতে ("তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতী"তি শ্রুতেঃ) ইতি বা ভবদেবঃ।

ভবদেব প্রসন্নো মে ভব দেব পরায়ণম্। ভবদেবকৃতাবত্র ভবদ্দেব সতঃ শ্রয়েৎ ॥

হে 'ভবদেব দেব' ব্রহ্মণ্যদেব নারায়ণ, ত্বং 'মে' মম সম্বন্ধে 'প্রসন্নো ভব' প্রসীদ। (যয়া প্রসন্নতয়া) 'অত্র' অস্যাং মৎসম্পাদিতায়াং 'ভবদেবকৃতৌ' শ্রীভবদেবপদ্ধতৌ 'পরায়ণম্' আসক্তিঃ ("সাকল্যাসঙ্গবচনে পারায়ণপরায়ণে" ইত্যমরঃ) 'ভবৎ' ("লক্ষণহেত্বোঃ ক্রিয়ায়া" ইতি হেতৌ শতৃপ্রত্যয়ঃ, হেতুঃ ফলং কারণঞ্চ) ভবনার্থম্ অবস্থানার্থং 'সতঃ সন্তঃ' সজ্জনাশ্চ সন্তঃ, পণ্ডিতাশ্চ সন্তঃ স্বধর্ম্মে বর্ত্তমানাশ্চ তে সন্তঃ তান্ 'এব' 'শ্রয়েৎ' (প্রার্থনায়াং লিঙ্) ভজতাম্; এবকারাৎ অত্র সতামনুরক্তিরস্তু, মা ত্বসতাং দোষমাত্রানুসন্ধায়িনাং কটাক্ষোঽপি প্রপপ্তদিতি প্রার্থনা।—ইতি (এম্-এ-কাব্যরত্ন-সাহিত্যরত্নোপাধিকেন) শ্রীসরোজরঞ্জনশর্ম্মণা কৃতং ব্যাখ্যানমেতৎ।

উপক্রমণিকা

সাধারণ—মন্ত্রাদি

ওঁ।—অ-উ-ম্=ওম্, ওং বা ওঁ। মন্ত্রের এবং বাক্যের আদিতে ওঁ বলিতে হয়। ঋগ্যাদির আদিতে বলিতে হয় না। স্বরবর্ণের আদিতে ওম্ বলাই উচিত ; যথা—ওম্ আ কৃষ্ণেন রজসা, ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম। "ওমভ্যাদানে" (বৈদিক ব্যাকরণ) মন্ত্রের আদিতে "ওং' এর ওকার প্লুত অর্থাৎ ত্রিমাত্র করিয়া উচ্চারণ করিতে হয়। যথা—ও ৩ ম্। হ্রস্বস্বর উচ্চারণের সময় এক মাত্রা (হাঁটুতে ১ বার হাত বুলাইতে যত সময় লাগে), দীর্ঘস্বর উচ্চারণের সময় দুই মাত্রা, এবং প্লুতস্বর উচ্চারণের সময় তিন মাত্রা। মন্ত্রের পূর্ব্বে ওঁ উচ্চারণ করিলে উচ্চারণাদিগত দোষ নষ্ট হইয়া থাকে। যথা—যন্ম্যূনঞ্চাতিরিক্তঞ্চ যচ্ছিদ্রং যদযজ্ঞিয়ম্। যদমেধ্যমশুদ্ধঞ্চ যাতযামঞ্চ যদ্ভবেৎ। তদোঙ্কারপ্রযুক্তেন সর্ব্বঞ্চাবিকলং ভবেৎ॥—যোগী যাজ্ঞবল্ক্য।

মন্ত্র।—বেদমন্ত্র তিন প্রকার ; ঋক্, যজুঃ, সাম। পদ্য-মন্ত্রকে ঋক্ (ঋচ্ স্ত্রী), গদ্য মন্ত্রকে যজুঃ (যজুস্ ক্লী), এবং গেয়-মন্ত্রকে সাম (সামন্ ক্লী) বলে। গান করিতে না জানিলে মন্ত্রটিকে ৩ বার উচ্চারণ করিতে হয় (গানাশক্তৌ ঋচস্ত্রিধা—ছন্দোগপরিশিষ্ট)।

অনুস্বার।—মন্ত্রার্দ্ধে ও মন্ত্রান্তে ম্ স্থানে প্রায় সকলেই ং উচ্চারণ করেন। তাহাতে তত দোষ হয় না ; যেহেতু "মো বিন্দুরবসানে" (সংক্ষিপ্তসারে উণাদিসূত্র) ; কিন্তু স্বরবর্ণের পূর্ব্বে অনুস্বার উচ্চারণ দোষাবহ। "অনুস্বারস্য গুঁ শষসহরেফেষু" (যজুঃপ্রাতিশাখ্য) যজুর্ব্বেদোক্ত মন্ত্রে শ ষ স হ বা র পরে থাকিলে তাহার পূর্ব্বে অনুস্বারের উচ্চারণ গুঁ।

ঋ´।—ব্যঞ্জনবর্ণে ব্যঞ্জনবর্ণে যুক্ত হইলে তাহাকেই যুক্তাক্ষর বলে। তাহার পূর্ব্ববর্ণ গুরু হয়। ঋ´ যুক্তাক্ষর নহে ; উহার উচ্চারণ 'রি'র ন্যায়। অতএব প্রজাপতির্ঋ´ষিঃ স্থলে (প্রজাপতির্রিষিঃ এরূপ উচ্চারণ না করিয়া) প্রজাপতিরিষিঃ এইরূপ উচ্চারণ করিতে হয়।

জুহোতি ইত্যাদি।—ভবদেব গোভিলগৃহ্যসূত্রানুসারে পদ্ধতি লিখিয়াছেন ; তজ্জন্য অনেক স্থলে গোভিলগৃহ্যসূত্রেরই পদ জুহোতি ইত্যাদি বর্ত্তমান-কালের ন্যায় ধরিয়াছেন। বস্তুতঃ উহা লট্ বিভক্তির পদ নহে, বৈদিক লেট্ বিভক্তির পদ। "লিঙর্থে লেট্" (বৈঃ ব্যাঃ) বিধিলিঙের অর্থে লেট্ হয়।

কর্ম্মকালে মন্ত্রপাঠ।—ঘাতে ন্যূনে তথা ছিন্নে সান্নায্যে মান্ত্রিকে তথা। যজ্ঞে মন্ত্রাঃ প্রয়োক্তব্যা মন্ত্রা যজ্ঞার্থসাধকাঃ॥ (যাজ্ঞিকবচন) ; ঘাত—ধান্যে অবঘাত, ন্যূন—মন্ত্রহীন, ছিন্ন—কুশচ্ছেদন, সান্নায্য—হবিঃ (ঘৃত), মান্ত্রিক—মন্ত্রনিষ্পাদ্য। উদুখল-মুষল বা ঢেঁকি দ্বারা ধান ভানিবার সময় মন্ত্র পড়া না হইলে কর্ম্ম করিবার সময় ধানভানার মন্ত্র পড়িতে হয় ; পবিত্রার্থ কুশ মাঠে কাটিবার সময় মন্ত্র পড়া না হইলে কর্ম্মকালে ছেদনমন্ত্র পড়িয়ে, ঘৃত প্রস্তুত করিবার সময় মন্ত্র পড়া না হইলে কর্ম্মকালে মন্ত্র পড়িবে। যেহেতু মন্ত্রপাঠেই যজ্ঞকার্য্য সিদ্ধ হইয়া থাকে। এইরূপ, বিবাহে বরার্হণে গাভী না থাকিলেও নাপিত "গৌর্গৌ র্গৌঃ" বলিবে এবং বরও গোমোক্ষণ ও গবানুমন্ত্রণের মন্ত্র পড়িবে। বৃষচর্ম্ম না থাকিলেও তাহার মন্ত্র, ধ্রুব ও অরুন্ধতী নক্ষত্র দেখা না গেলেও তাহাদের মন্ত্র, যান না থাকিলেও তাহার মন্ত্র, পথে দস্যুভয় না থাকিলেও তাহার মন্ত্র, সমাবর্ত্তনে গোযুগসহিত রথ না থাকিলেও তাহা স্পর্শ ও আরোহণ করিবার মন্ত্র, তুলসী তুলিবার সময় মন্ত্র পড়া না হইলে পূজাকালে তুলসীচয়নের মন্ত্র পড়িতে হয়।

আমি, আমার।—ঋত্বিকের (পুরোহিতের) পাঠ্য মন্ত্রে কোনও স্থলে 'আমি' বা 'আমার' অর্থবোধক পদ থাকিলে তাহা সংস্কার্য্য বা যজমানকেই বুঝায়। যেহেতু "যাং বৈ কাঞ্চ যজ্ঞ ঋত্বিজ আশিষমাশাসতে, যজমানস্যৈব সা" (শ্রুতি)। ঋত্বিগ্ বাদে নিযুক্তশ্চ দ্বৌ সমৌ পরিকীর্ত্তিতৌ। যজ্ঞে স্বাম্যাপ্নুয়াৎ পুণ্যং হানিং বাদেঽথবা জয়ম্॥ (বৃহস্পতি) ঋত্বিক্ ও উকীল দু'জনেই সমান। যেহেতু ঋত্বিক্ যজ্ঞকর্ম্মে আমি ও আমার বলিয়া যাহাই বলুন, তাহার ফল যজমান পাইবেন ; এবং উকীল মকদ্দমায় আমি ও আমার বলিয়া যতই বলুন, জয় বা পরাজয় তাঁহার মক্কেলেরই হইয়া থাকে।

অদস্ শব্দ স্থলে।—মন্ত্রমধ্যে অদস্ শব্দের প্রয়োগ থাকিলে তৎস্থানে তদ্বিভক্তিযুক্ত সংস্কার্য্যের নাম বলিতে হয়। যথা—"ব্রহ্মচার্য্যসৌ" স্থলে

“ব্রহ্মচার্য্যসি শ্রীঅমুকদেবশর্ম্মা”, “পরিদদাম্যমুং” স্থলে “পরিদদামি শ্রীঅমুকদেবশর্ম্মাণং”, যজমানস্ত্বর্দ্ধ্যা অমুষ্য রাজ্যায়” স্থলে “যজমানস্ত্বর্দ্ধ্যৈ শ্রীঅমুক-দেবশর্ম্মণো রাজ্যায়” ইত্যাদি। অদঃ পদং হি যদ্রূপং যত্র মন্ত্রে হি দৃশ্যতে। সাধ্যাভিধানং তদ্রূপং তত্র স্থানে নিয়োজয়েৎ ॥ (নারদীয় পুরাণ)।

দর্ভ সংখ্যা ।—সপ্তভির্নবভির্বাপি সার্দ্ধদ্বিতয়বেষ্টিতম্। প্রণবেনৈব মন্ত্রেণ দ্বিজঃ কুর্য্যাৎ কুশদ্বিজম্ ॥—আপস্তম্ব। নবভিরিত্যত্র পঞ্চভিরিতি পাঠান্তরম্। ৫ গাছি, ৭ গাছি বা ৯ গাছি কুশ দিয়া দর্ভময় ব্রাহ্মণ বাঁধিতে হয়। কিন্তু সামবেদীর সে নিয়ম নহে; সামবেদী ন্যূনপক্ষে ৩ গাছি কুশেও বাঁধিতে পারে। যথা—যজ্ঞবাস্তুনি মুষ্ট্যাঞ্চ স্তম্বে দর্ভবটৌ তথা। দর্ভসংখ্যা ন বিহিতা বিষ্টরাস্তরণেষ্বপি ॥—ছন্দোগপরিশিষ্ট। দর্ভজূটিকাহোমে, বিরূপাক্ষজপে, পরিসমূহনে, দর্ভময় ব্রাহ্মণে ও ব্রহ্মায়, বিষ্টরে ও আস্তরণে দর্ভসংখ্যা বিহিত হয় নাই। ঊর্দ্ধকেশো ভবেদ্ ব্রহ্মা লম্বকেশস্তু বিষ্টরঃ। দক্ষিণাবর্ত্তকো ব্রহ্মা বামাবর্ত্তস্তু বিষ্টরঃ ॥ ছঃ পঃ।

ব্রহ্মা ও সদস্য ।—ব্রহ্মার কার্য্য কৃতাকৃতাবেক্ষণ (হোতা কোন্ কার্য্য করিলেন বা করিলেন না, কোন্ কার্য্যই বা অন্যরূপ করিলেন, এই সমস্ত দেখা ও কিরূপে করিতে হয় বলিয়া দেওয়া)। সুতরাং হোমকার্য্যের আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত তাঁহাকে সেইস্থানে বসিয়া থাকিতে হয়। তজ্জন্য “আ বসোঃ সদনে সীদামি” মন্ত্রপাঠও করিয়া থাকেন। যদি কারণ বশতঃ অন্য বাক্য কহিয়া ফেলেন, তাহা হইলে “ইদং বিষ্ণু” ইত্যাদি মন্ত্র অথবা “ওঁ নমো বিষ্ণবে” বলিতে হয়। ব্রাহ্মণ ব্রহ্মার অভাবে হোতাকেই ব্রহ্মার কার্য্যও করিতে হয়।

ব্রহ্মা, হোতা ও তন্ত্রধারকের কার্য্য পর্য্যবেক্ষণ করা, এবং উঁহাদের তর্ক ও সন্দেহের মীমাংসা করাই সদস্যের কর্ত্তব্য। তজ্জন্য তাঁহাকেও আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত উপস্থিত থাকিতে হয়। সুতরাং হোতা অপেক্ষা ব্রহ্মার বিদ্যা এবং ব্রহ্মা অপেক্ষাও সদস্যের বিদ্যা অধিক হওয়া আবশ্যক।

হোম

হোম ।—কি দিনে, কি রাত্রে হোম পূর্ব্বমুখেই করিতে হয়। ব্রাহ্মণের গৃহ হইতে নিম্নলিখিত কোনও পাত্র হইতে বিশুদ্ধ জ্বলন্ত অঙ্গার আনিয়া, তদভাবে কোনও ব্রাহ্মণ নিম্নলিখিত পাত্রে জ্বলন্ত অঙ্গার করিয়া দিলে সেই অঙ্গার দ্বারা স্থণ্ডিলে অগ্নি জ্বালিতে হয়।

অগ্নির পাত্র।—শুভং পাত্রং তু কাংস্যং স্যাৎ তেনাগ্নিং প্রণয়েদ্বুধঃ। তদভাবে শরাবেণ নবেনাভিমুখেন তৎ॥ কপালৈর্ভিন্নপাত্রৈর্বা ন স্বামৈর্গো-ময়েন বা। অগ্নিপ্রণয়নং কার্য্যং যজমানভয়াবহম্॥—গৃহ্যাসংগ্রহ। কুলালচক্রনিষ্পন্নমাসুরং মৃন্ময়ং স্মৃতম্। তদেব হস্তঘটিতং স্থাল্যাদি দৈবিকং ভবেৎ॥ ছঃ পঃ। অনেক প্রদীপ কুম্ভকারের চক্রে নির্ম্মিত এবং তাহাতে তেলশলিতার আগুন হয় বলিয়া তাহাও নিষিদ্ধ।

অগ্নির নাম।—লৌকিকঃ পাবকো হ্যগ্নিঃ প্রথমঃ পরিকীর্ত্তিতঃ। অগ্নিস্তু মারুতো নাম গর্ভাধানে বিধীয়তে॥ পুংসবনে চান্দ্রমসঃ শুঙ্গাকর্ম্মণি শোভনঃ। সীমন্তে মঙ্গলো নাম প্রগল্ভো জাতকর্ম্মণি॥ নাম্নি স্যাৎ পার্থিবো হ্যগ্নিঃ প্রাশনে চ শুচিস্তথা। সত্যনামা চ চূড়ায়াং ব্রতাদেশে সমুদ্ভবঃ॥ গোদানে সূর্য্যনামা চ কেশান্তে হ্যগ্নিরুচ্যতে। বৈশ্বানরো বিসর্গে তু বিবাহে যোজকঃ স্মৃতঃ। চতুর্থ্যান্তু শিখী নাম ধৃতিরগ্নিস্তথাপরে। প্রায়শ্চিত্তে বিধুশ্চৈব পাকযজ্ঞে চ সাহসঃ॥ লক্ষহোমে তু বহ্নিঃ স্যাৎ কোটিহোমে হুতাশনঃ। পূর্ণাহুত্যাং মৃড়ো নাম শান্তিকে বরদস্তথা॥ পৌষ্টিকে বলদশ্চৈব ক্রোধোঽগ্নিশ্চাভিচারিকে। কোষ্ঠে তু জঠরো নাম ক্রব্যাদো মৃতভক্ষণে॥ আহূয় চৈব হোতব্যং যো যত্র বিহিতোঽনলঃ॥—গৃহ্যাসংগ্রহ। নাম্নি—নামকরণে, অপরে—কেচিৎ আহুঃ, ব্রতাদেশ—উপনয়ন, উৎসর্গ—গোদানাদি ব্রত সমাপন (কেহ বলেন সমাবর্ত্তন; কিন্তু ভবদেব সমাবর্ত্তনে তেজঃ নামে অগ্নি লিখিয়াছেন), পাকযজ্ঞ—যাহাতে চরুপাক হয়—বৃষোৎসর্গাদি, শান্তিক—গ্রহহোমাদি, পৌষ্টিক—দুর্গাপূজাদি। প্রতিষ্ঠায়াং লোহিতশ্চ বাস্তুযাগে প্রজাপতিঃ। জলাশয়প্রতিষ্ঠায়াং বরুণঃ সমুদাহৃতঃ॥—মৎস্যসূক্ত (যাহাতে চরুপাক করা হয় না এরূপ প্রতিষ্ঠা)।

হোমের কাষ্ঠ।—আম, তেঁতুল প্রভৃতি অম্লবৃক্ষের এবং বিল্বভিন্ন কণ্টকী বৃক্ষের কাষ্ঠ নিষিদ্ধ। শাল, সেগুন, যজ্ঞোডুম্বর, পলাশ প্রভৃতি প্রশস্ত।

সমিধ।—যজ্ঞোডুম্বরের বা পলাশের প্রাদেশপ্রমাণ পল্লব। নবগ্রহহোমে বিশেষ—সূর্য্যের অর্ক (আকন্দ), সোমের পলাশ, মঙ্গলের খদির, বুধের অপামার্গ (আপাং), বৃহস্পতির অশ্বথ, শুক্রের যজ্ঞোডুম্বর, শনির শমী (শাঁই), রাহুর দূর্ব্বা (দূর্ব্বাকাণ্ডের প্রাদেশপ্রমাণ ত্রিপত্র) কেতুর কুশ (কুশত্রিপত্র)।

পবিত্র।—"তত এব বর্হিষঃ প্রাদেশমাত্রে পবিত্রে কুরুতে"—ভবদেব সরলা-ব্যাখ্যানুসারে "আস্তীর্ণকুশাদেব সাগ্রকুশপত্রদ্বয়ং গৃহীত্বা" লেখায় সকলেই অগ্নির চতুর্দ্দিকে যে সকল কুশ আস্তরণ করা হয়, তাহা হইতে কুশ লইয়া "পবিত্র" করিয়া থাকেন। ইহা নিতান্ত অশাস্ত্রীয়। ঐ স্থানে

আস্তীর্ণ বলিতে অগ্নির উত্তরে হোমের যে সকল দ্রব্য বিস্তীর্ণ করিয়া সাজাইয়া রাখা হয়, তাহাদিগকে বলে। অতএব ভট্টভাষ্যে লিখিত হইয়াছে "বিস্তার্ণ-শেষাৎ" ঐ আস্তীর্ণ কুশ হইতে যে সকল কুশ অগ্নির চতুর্দ্দিকে বিস্তীর্ণ করা হইয়াছে, তদবশিষ্ট কুশ হইতে দুই গাছি সাগ্র কুশ লইয়া। গৃহ্যাসংগ্রহে আছে "স্তৃতেভ্যো ন প্রচিন্বীয়াৎ যাতযামং স্তৃতং স্মৃতম্।" আস্তৃত কুশ হইতে কুশ লইবে না, আস্তৃত কুশকে যাতযাম বলে। অযোধ্যাকাণ্ডে "হবিরাজ্যং পুরোডাশাঃ কুশা যূপাশ্চ খাদিরাঃ। নৈতানি যাতযামানি কুর্ব্বন্তি পুনরধ্বরে॥" ইহার রামানুজটীকা—এতানি হবিরাদীনি একত্রাধ্বরে বিনিয়োগাৎ যাতযামানি পুনরধ্বরে অধ্বরান্তরে বিনিযুক্তানি ন কুর্ব্বন্তি। "জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়"মিত্যমরঃ (জীর্ণ=পুরাতন, পরিভুক্ত=ভুক্তোচ্ছিষ্ট ও কার্য্যান্তরে ব্যবহৃত)। যদ্যপি "মন্ত্রাঃ কৃষ্ণাজিনং দর্ভা" ইতি স্মৃত্যা কুশানাং যাতযামত্বদোষো নেত্যুক্তং, তথাপি তজ্জীর্ণত্বরূপ-যাতযামত্বদোষাভাবপরং, ন তু বিনিযুক্তবিনিয়োগপরম্।" "ব্রহ্মযজ্ঞেষু যে দর্ভা বিনিযুক্তা ন তেঽন্যত' ইত্যনেন বিনিযুক্তবিনিয়োগনিষেধস্য ন্যায়েন সর্ব্বত্র লাভাদিত্যাহুঃ।

প্রায়শ্চিত্ত হোম।—প্রায়শ্চিত্তহোমে ভবদেব শাট্যায়ন হোম ধরিয়াছেন। শাট্যায়ন কৃষ্ণযজুর্ব্বেদী ছিলেন। সামবেদীর ছন্দোগপরিশিষ্টে যখন অন্যবিধ প্রায়শ্চিত্ত হোম রহিয়াছে, তখন সামবেদীর শাট্যায়ন হোম করা উচিত নহে বলিয়া রঘুনন্দন ভবদেবের ঐ উক্তিকে নিষ্প্রমাণ বলিয়াছেন। কিন্তু সামবেদীর (রঘুনন্দনেরও) পুরুষানুক্রমে যখন সংস্কারকর্ম্মে ভবদেবোক্ত শাট্যায়নহোম চলিয়া আসিতেছে, তখন তাহাই কর্ত্তব্য; অন্য কর্ম্মে ছন্দোগপরিশিষ্টোক্ত প্রায়শ্চিত্ত হোমই অবশ্যকরণীয়। "ভবদেবভট্টোক্ত-প্রায়শ্চিত্তাত্মক-শাট্যায়নহোমো নিষ্প্রমাণঃ ভট্টনারায়ণৈর্গোভিলভাষ্যে (১।৮।১০) তদপ্রমাণীকৃতত্বাৎ"—রঘুনন্দন। "যত্র ব্যাহৃতিভির্হোমঃ প্রায়শ্চিত্তাত্মকো ভবেৎ। চতস্রস্তত্র বিজ্ঞেয়াঃ স্ত্রীপাণিগ্রহণে যথা॥ অথবা জ্ঞাতমিত্যেষা প্রাজাপত্যাথবাহুতিঃ। হোতব্যা ত্রিবিকল্পোঽয়ং প্রায়শ্চিত্তবিধিঃ স্মৃতঃ॥"—ছঃ পঃ। চতস্রঃ—ব্যস্তসমস্তমহাব্যাহৃতিহোমরূপাঃ (৮৭ পৃঃ নামকরণের টীকা)।

পূর্ণপাত্র।—অষ্টমুষ্টির্ভবেৎ কুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্টৌ চ পুষ্কলম্। পুষ্কলানি চ চত্বারি পূর্ণপাত্রঃ বিধীয়তে॥—গৃঃ সঃ। যাবতা বহুভোক্তুশ্চ তৃপ্তিঃ পূর্ণেন জায়তে।

নাবরার্দ্ধং ততঃ কুর্য্যাৎ পূর্ণপাত্রমতি স্থিতিঃ ॥"—ছঃ পঃ। ২৫৬ মুঠা তণ্ডুল অথবা যে বেশী খাইতে পারে তাহার তৃপ্তিসাধক তণ্ডুলে পূর্ণপাত্র হয়; তন্ন্যূন হইলে, তাহাকে পূর্ণপাত্রানুকল্প ভোজ্য বলে।

শান্তিমন্ত্র।—কয়া নশ্চিত্র, কস্থা, অভী ষু ণঃ এই তিনটিই শান্তিমন্ত্র। স্বস্তি ন মন্ত্রটি শান্তিমন্ত্র নহে; স্বস্তিসূক্ত (৩৮ পৃঃ ২০৪টী)

সংস্কার—নামকরণ, অন্নপ্রাশন

সংস্কার।—চিত্রং কর্ম্ম যথানেকৈ রঙ্গৈরুন্মীল্যতে শনৈঃ। ব্রাহ্মণ্যমপি তদ্বৎ স্যাৎ সংস্কারৈর্বিধিপূর্ব্বকৈঃ॥ (অঙ্গিরা) ছবি আঁকিবার সময় অগ্রে পেন্‌সিল্ বা পাতলা আল্‌তার রঙ্‌ দিয়া রেখাদি করিয়া তার পর যথাযোগ্য রঙ্‌ দিলে যেমন তাহা সুস্পষ্ট ও সুদৃশ্য হয়, সেইরূপ যথাবিধি সংস্কার করিলে বালকের দেহ ও মন বিশুদ্ধ এবং ব্রহ্মতেজের আধার হইয়া থাকে। সংস্কার দশপ্রকার—বিবাহ (মাতাপিতার); গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন (মাতার); জাতকর্ম্ম, নিষ্ক্রমণ (পুত্রের); নামকরণ অন্নপ্রাশন, চূড়াকরণ (পুত্র ও কন্যার); উপনয়ন (দ্বিজাতি পুত্রের)। সমাবর্ত্তনও সংস্কার। সাধভক্ষণ, কর্ণবেধ ও বিদ্যারম্ভ সংস্কার নহে। সংস্কারের আদিতে বৃদ্ধিশ্রাদ্ধ ও অন্তে দক্ষিণা দিতে হয়। একই কর্ত্তা একই দিনে স্বীয় পুত্র ও কন্যার অনেক সংস্কার করিলে আদিতে একবার মাত্র বৃদ্ধিশ্রাদ্ধ করিলেই হইবে। সামবেদীর গর্ভাধানে বৃদ্ধিশ্রাদ্ধ নাই। বিবাহের বৃদ্ধিশ্রাদ্ধ দ্বারাই গর্ভাধানের বৃদ্ধিশ্রাদ্ধও সিদ্ধ হইয়া থাকে; যথা—বিবাহাদিঃ কর্ম্মগণো য উক্তো, গর্ভাধানং শুশ্রুম যস্য চান্তে। বিবাহাদাবেকমেবাত্র কুর্য্যা-চ্ছ্রাদ্ধং নাদৌ কর্ম্মণঃ কর্ম্মণঃ স্যাৎ॥ (ছঃ পঃ; 'বিবাহাদি' আদিপদে লাজহোম, পাণিগ্রহণ ইত্যাদি)। বহুকাল হইতেই (আলস্যাদিবশতঃ) পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নিষ্ক্রমণ উঠিয়া গিয়াছে; সম্প্রতি গর্ভাধানও উঠিয়া গিয়াছে। এই জন্য এই পুস্তকে ঐ সমস্ত পরিত্যক্ত হইয়াছে; অনর্থক ফর্ম্মা বাড়াইয়া মূল্যবৃদ্ধি করা আবশ্যক মনে করি না। দ্বিজাতি কন্যার বিবাহই উপনয়নস্থানীয় বলিয়া পৃথক্ উপনয়ন নাই; যথা মনু—বৈবাহিকো বিধিঃ স্ত্রীণাং সংস্কারো বৈদিকঃ স্মৃতঃ। পতিসেবা গুরৌ বাসো গৃহার্থোঽগ্নিপরিষ্ক্রিয়া॥ (২।৬৭) স্ত্রীলোক-

দিগের বিবাহই উপনয়নসংস্কার ; পতিসেবাই তাহাদিগের গুরুকুলে বাসপূর্ব্বক বেদাধ্যয়ন, এবং গৃহকার্য্যই তাহাদের সায়ং ও প্রাতঃকালে সমিদাধান। তূষ্ণীমেতাঃ ক্রিয়াঃ স্ত্রীণাং বিবাহস্তু সমন্ত্রকঃ ॥ (যাজ্ঞবল্ক্য) কন্যার নামকরণ, অন্নপ্রাশন ও চূড়াকরণ (অধিবাস ও বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া) বিনা মন্ত্রেই করিতে হয়। শূদ্রোঽপ্যেবংবিধঃ কার্য্যো বিনা মন্ত্রেণ সংস্কৃতঃ ॥ (যম) শূদ্রেরও এইরূপ। শূদ্রের উপনয়নসংস্কার নাই। "বিবাহমাত্রং সংস্কারং শূদ্রোঽপি লভতে সদা" এই ব্রহ্মপুরাণের বচন ধরিয়া পারস্করগৃহ্যসূত্রের ভাষ্যকার হরিহর লিখিয়াছেন—মাত্রশব্দেন বিহিতেতরসংস্কারনিবৃত্তিশ্চ। যমব্রহ্মপুরাণবচনাভ্যাং শূদ্রস্য গর্ভাধান-পুংসবন-সীমন্ত-জাতকর্ম্ম-নামধেয়-নিষ্ক্রমণান্নপ্রাশন-চূড়াকরণ-বিবাহা নব সংস্কারা বিহিতাঃ, তে চ তূষ্ণীম্ ; ইতরেষাং নিবৃত্তিঃ। শূদ্রের উপনয়ন ভিন্ন ৯টি মাত্র সংস্কার বিহিত হইয়াছে ; সেগুলি বিনা মন্ত্রেই করিতে হয় অর্থাৎ শূদ্রের বিবাহেও বৈদিক মন্ত্র পড়িতে হয় না। রঘুনন্দন বলিয়াছেন—ব্রহ্মপুরাণীয়-বচনস্থ মাত্র পদের ঐরূপ অর্থ নহে ; উহার অর্থ হইতেছে যে, শূদ্রবিবাহে ব্রাহ্মণ দ্বারা মন্ত্রপাঠ, সুতরাং ব্রাহ্মণকে বরণ করিয়া তদ্দারা পাণিগ্রহণ হোমাদিও করাইবে (যেমন ব্রতপ্রতিষ্ঠা প্রভৃতিতে) ; অন্যসংস্কার উহাদের নিষিদ্ধ নহে, যেহেতু যমবচনে উহাদের গর্ভাধানাদি ৯টি সংস্কার বিহিতই হইয়াছে। যথা—মাত্রশব্দোঽত্র ন বিবাহেতর-সংস্কারনিবৃত্তিপরঃ, কিন্তু অন্যত্র মন্ত্রসম্বন্ধনিষেধপরঃ, যমবচনেন গর্ভাধানাদিসংস্কারপ্রতিপাদনাদিতি শূলপাণিমহামহোপাধ্যায়ঃ (মলমাসতত্ত্বে)। শূদ্রস্যাপি ব্রাহ্মণদ্বারা বিবাহাদৌ হোমাধিকারঃ (উদ্বাহতত্ত্বে)। আর্ধক্রমেণ সর্ব্বত্র শূদ্রা বাজসনেয়িনঃ ইতি মহাজনপরিগৃহীতবচনাৎ যজুর্ব্বেদবিধিনৈব তে কর্ম্ম কুর্য্যুঃ (মলমাস), শূদ্রেরা শুক্ল যজুর্ব্বেদের মাধ্যন্দিন শাখীর ন্যায় যজুর্ব্বেদি গৃহ্যসূত্রমতে কার্য্য করিবেন।

নামকরণ।—নামকরণের মুখ্যকাল অশৌচান্তের পরদিন।

অন্নপ্রাশন।—অন্নপ্রাশনের মুখ্যকাল পুত্রের ষষ্ঠ মাস এবং কন্যার পঞ্চম মাস। সাবন মানে অর্থাৎ ৩০ দিনে মাস, এবং ৩৬০ দিনে বৎসর গণনা করিতে হয়। ১২০ দিনের পর হইতে ১৫০ দিন পর্য্যন্ত পঞ্চম মাস ; ১৫০ দিনের পর হইতে ১৮০ দিন পর্য্যন্ত ষষ্ঠ মাস। চূড়াকরণাদিতেও এইরূপ। মুখ্যকাল

অতিক্রান্ত হইলে ব্যস্তসমস্তমহাব্যাহৃতিরূপ প্রায়শ্চিত্তহোম করিতে হয়। একণে অন্নপ্রাশনের দিনেই নামকরণ হইয়া থাকে। স্থতরাং নামকরণের জন্য উক্ত প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। সঙ্কল্পবাক্য—অদ্য অমুকে মাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্ম্মা মদভিজাতকুমারস্য (কন্যাপক্ষে—মদভিজাতকুমার্য্যাঃ) শুভনামকরণমুখ্যকালাতিক্রমণজনিতদোষোপশমনকামঃ ব্যস্তসমস্তমহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্তহোমমহং করিষ্যে। পিতা ভিন্ন অপর কেহ করিলে "মদভিজাত" স্থলে শিশুর পিতার নাম বলিয়া "অমুকগোত্রশ্রীঅমুকদেবশর্ম্মাভিজাত" এবং "করিষ্যে" স্থলে "করিষ্যামি" বলিতে হয়। উপনয়নও প্রায় সকলের গৌণকালেই হইয়া থাকে, এবং উপনয়নদিনেই চূড়াকরণও হয়। তজ্জন্য সঙ্কল্পবাক্যে—অমুকগোত্রস্য শ্রীঅমুকদেবশর্ম্মণঃ শুভচূড়াকরণ-মুখ্যকালাতিক্রমজনিতদোষোপশমনকামঃ।......শুভোপনয়নমুখ্যকালাতিক্রমজনিতদোষোপশমনকামঃ। অনেকের নামরত্ন ও অন্নপ্রাশনও উপনয়নের দিনে হইয়া থাকে। তাহার সঙ্কল্পবাক্যে—(তখন বালকের নামকরণ হয় নাই বলিয়া) মদভিজ্ঞাতকুমারস্য (অন্য ব্যক্তি করিলে—অমুকগোত্রশ্রীঅমুকদেবশর্ম্মাভিজাত কুমারস্য) শুভনামকরণমুখ্যকালাতিক্রমজনিতদোষোপশমনকামঃ ইত্যাদি। প্রকৃত কর্ম্মারম্ভের পূর্ব্বেই এইরূপ সঙ্কল্প করিয়া শিশুর পিতাই বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন। তদভাবে নিকট সপিণ্ড করিবেন। যিনি বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন, তিনিই শিশুর মুখে অন্ন দিবেন। শিশুর মাতুল মুখে অন্ন দিয়া থাকে, ইহা দুরাচরণ।

সংস্কার—চূড়াকরণ, উপনয়ন

চূড়াকরণ।—চূড়াকরণের কাল পৃঃ ৯৬, টী ৪৯১।

উপনয়ন।—উপনয়নের মুখ্যকাল ব্রাহ্মণের গর্ভাষ্টম বর্ষ (গর্ভের ৯ মাস ধরিয়া ৮ বৎসর) অর্থাৎ জন্ম হইতে ৭ বৎসর ৩ মাস। ক্ষত্রিয়ের গর্ভৈকাদশ অর্থাৎ জন্ম হইতে ১০ বৎসর ৩ মাস। বৈশ্যের গর্ভদ্বাদশ অর্থাৎ জন্ম হইতে ১১ বৎসর ৩ মাস। গৌণকাল ব্রাহ্মণের ১৬ বৎসর (জন্ম হইতে ১৫ বৎসর ৩ মাস), ক্ষত্রিয়ের ২২ বৎসর (জন্ম হইতে ২১ বৎসর ৩ মাস), বৈশ্যের ২৪ বৎসর (জন্ম হইতে ২৩ বৎসর ৩ মাস)। ইহার পর সাবিত্রী পতিত হয়। যাহার সাবিত্রী পতিত হয়, তাহাকে ব্রাত্য বলে। ব্রাত্য প্রায়শ্চিত্ত করিয়া উপনয়ন হইতে পারে। ব্রাত্য প্রায়শ্চিত্ত (রঘুনন্দনধৃত শঙ্খ-লিখিতবচন) যথা—"ব্রাত্যশ্চান্দ্রায়ণং চরেৎ, গোপ্রদানঞ্চ কুর্য্যাৎ।" চান্দ্রায়ণাশক্তৌ ধেন্বষ্টকং তন্মূল্যং বা সার্দ্ধদ্বাবিংশতিক র্ষাপণাঃ, গোমূল্যং কার্ষাপণ একঃ, মিলিত্বা সার্দ্ধত্রয়োবিংশতিকার্ষাপণা দেয়াঃ। পূর্ব্বদিনে উপবাস (উপবাসাশক্তিতে দক্ষিণার সহিত ৵৹ উৎসর্গ) ও শিখা সহ মস্তক মুণ্ডন করিয়া (মুণ্ডন না করিলে দ্বিগুণ প্রায়শ্চিত্ত) কিঞ্চিৎ ঘৃত

ভক্ষণ করিয়া পরদিনে (চতুর্দ্দশী ও অষ্টমী ভিন্ন তিথিতে) সবস্ত্র ২৩৷৷০ কাহন কড়ির মূল্য ৫৮৴ উৎসর্গ করিয়া যথাশক্তি দক্ষিণা দিবে। তৎপরে পার্ব্বণশ্রাদ্ধ করিয়া দশানূ্ন ব্রাহ্মণ ভোজন করাইয়া অপরের গাভীকে ঘাসমুষ্টি দিবে। মাতাপিতৃহীনতা, নিঃস্বতা অথবা রাষ্ট্রবিপ্লবাদি বশতঃ যাহারা ব্রাত্য হয়, তাহাদের প্রায়শ্চিত্ত মনু ও বিষ্ণুর মতে ধেনুত্রয়ের মূল্য ৯ কাহন (২।০) উৎসর্গ। পারস্কর—"ত্রিপুরুষং পতিতসাবিত্রীকাণামপত্যে সংস্কারো নাধ্যাপনঞ্চ। তেষাং সংস্কারেপ্সবো ব্রাত্যস্তোমেনেষ্ট্বা কামমধীয়ীরন্ ব্যবহার্য্যা ভবন্তীতি বচনাৎ।" পিতা পুত্র পৌত্র এই তিন পুরুষের উপনয়ন না হইলে তাহাদের সন্তানের উপনয়ন হইতে পারে, কিন্তু বেদাধ্যয়ন নিষিদ্ধ। উক্ত তিন পুরুষের মধ্যে কেহ যদি উপনয়ন সংস্কারের ইচ্ছা করে, তাহা হইলে ব্রাত্যস্তোম যজ্ঞ করিয়া উপনীত হইতে পারে এবং বেদাধ্যয়নও করিতে পারে; কিন্তু যাহাদের চতুর্থাদি পুরুষ অনুপনীত, তাহাদের উপনয়ন হইতে পারে না।

প্রদক্ষিণং ভ্রময়িত্বা।—এস্থলে সকল আচার্য্যই তন্ত্রধারকের আদেশে ব্রহ্মচারীর দক্ষিণহস্ত ধরিয়া থাকিয়া অতিকষ্টে আপনার চারিদিকে ঘুরাইয়া আনিয়া তাহাকে পূর্ব্বমুখে দাঁড় করাইয়া দেন। রঘুনন্দন এ স্থলে স্পষ্টাক্ষরেই লিখিয়াছেন—"তদ্দেশস্থমেবৈনং প্রত্যঙ্মুখং সন্তং প্রাদক্ষিণ্যেন প্রাঙ্মুখং করোতি।" ব্রহ্মচারী সেইখানেই দাঁড়াইয়া থাকিবে, তাহাকে দক্ষিণদিক্ দিয়া ঘুরাইয়া পূর্ব্বমুখ করিয়া দিবে। ইহাতে কোনও কষ্টই নাই।

প্রতিজ্ঞাচতুষ্টয়।—ব্রহ্মচর্য্যাবস্থাতেই ইহা প্রতিপাল্য; সমাবর্ত্তনান্তে নহে; কিন্তু বচনান্তর হেতু ভোজনকালে গণ্ডূষ ও সন্ধ্যাবন্দনাদি যাবজ্জীবনই কর্ত্তব্য। যথা—আপোঽশনং বিধানেন কৃত্বাশ্নীয়াৎ সুধীর্দ্বিজঃ (কাশীখণ্ড, ৩৫।২২০)। আপোঽশনঞ্চ গৃহ্লীয়াৎ সর্ব্বতীর্থময়ঞ্চ তৎ (ব্রহ্মপুরাণ)। অহরহঃ সন্ধ্যামুপাসাত (শ্রুতি)। এতৎ সন্ধ্যাত্রয়ং প্রোক্তং ব্রাহ্মণ্যং যদধিষ্ঠিতম্। যস্য নাস্ত্যাদরস্তত্র ন স ব্রাহ্মণ উচ্যতে (ছঃ পঃ)। অনাদিত্যাঞ্চ যঃ পূর্ব্বাং সাদিত্যাঞ্চৈব পশ্চিমাম্। নোপাসীত দ্বিজঃ সন্ধ্যাং স ষষ্ঠোঽব্রাহ্মণঃ স্মৃতঃ॥

ব্রহ্মচারীর বস্ত্রাদি।—বস্ত্র—"ক্ষৌম-শাণ-কার্পাসৌর্ণান্যস্য বসনানি। ক্ষৌমং শাণং বা বসনং ব্রাহ্মণস্য, কার্পাসং ক্ষত্রিয়স্যাবিকং বৈশ্যস্য। ঐণেয়-রৌরবা-

জাগুজিনানি। মুঞ্জ-কাশ-তাম্বল্যো রশনাঃ। পার্ণ-বৈল্বাশ্বত্থা দণ্ডাঃ। অলাভে বা সর্ব্বাণি সর্ব্বেষাম্॥' (গোভিল) ব্রাহ্মণের ক্ষৌম (তসর) বা শাণ (পাটের কাপড়); ক্ষত্রিয়ের কার্পাস তুলার সূতার কাপড়; বৈশ্যের পশমী কাপড়। ছোবান কাপড় সম্বন্ধে আশ্বলায়ন—"যদি বাসাংসি বসীরন্, রক্তানি বসীরন্; কাষায়ং ব্রাহ্মণো, মাঞ্জিষ্ঠং ক্ষত্রিয়ো, হারিদ্রং বৈশ্যঃ।" বৃত্তি—পক্ষে শুক্লানি। এবং রক্তানাং বসনমনিত্যং, তথা চ গোতমঃ "বাসাংসি ক্ষৌম-চীর-কুতপাঃ সর্ব্বেষাং, কার্পাসং বাহবিকৃতং, কাষায়মপ্যেকে, বাক্ষং ব্রাহ্মণস্য, মাঞ্জিষ্ঠ-হারিদ্রে ইতরয়োঃ।" ব্রহ্মচারীরা শুক্ল বস্ত্রই পরিবে; যদি ছোবান কাপড় পরে, তাহা হইলে ব্রাহ্মণ গাছের ছালের রঙে, ক্ষত্রিয় মঞ্জিষ্ঠার রঙে, এবং বৈশ্য হরিদ্রার রঙে ছোবাইয়া পরিবে। ছোবান কাপড় পরা নিত্য নহে; যেহেতু গোতম বলিয়াছেন—সকল ব্রহ্মচারীর পক্ষেই তসর, কৌপীন, পশমী, রঙ্ করা নহে এমন সূতার কাপড়; কাহারও মতে সকলেই গাছের ছালের রঙে ছোবান; কেহ বলেন ব্রাহ্মণেরই ছালের, ক্ষত্রিয়ের মঞ্জিষ্ঠার, এবং বৈশ্যের হরিদ্রার রঙে ছোবান। [দ্রষ্টব্য—গেরুয়া বস্ত্রের বিধান নাই]। উত্তরীয়—ব্রাহ্মণের কৃষ্ণমৃগচর্ম্ম, ক্ষত্রিয়ের গৌরমৃগচর্ম্ম, বৈশ্যের ছাগচর্ম্ম। মেখলা—ব্রাহ্মণের মুঞ্জ (মুঁজ; অলাভে কুশ বা বেণা), ক্ষত্রিয়ের কেশে, বৈশ্যের শণ।

[দ্রষ্টব্য।—প্রায় সকলেই ব্রহ্মচারীর পইতা গ্রন্থি দিবার সময়েই মেখলাতেও গ্রন্থি দিয়া রাখেন এবং উহা পইতার ন্যায় গলায় পরাইয়া দেন। মেখলা শব্দের অর্থ কটিবন্ধন (কোমরে বস্ত্রের উপর জড়াইবার দড়ি); উহা অগ্রে গ্রন্থি দিয়া রাখিতেও হয় না; পরাইবার সময়ে কোমরে তিন ফের জড়াইয়া, দুই মুখ একত্র করিয়া ব্রহ্মচারীর প্রবরসংখ্যা অনুসারে ৩ ফের বা ৫ ফের দিয়া পইতার মত গ্রন্থি দিতে হয়। রঘুনন্দনও লিখিয়াছেন—উপবিষ্টং মাণবকং কটিদেশে মুঞ্জমেখলাং পরিধাপয়ন্ মন্ত্রদ্বয়ং বাচয়তি। দণ্ড—ব্রাহ্মণের পলাশ, ক্ষত্রিয়ের বিল্ব, বৈশ্যের অশ্বত্থ। দণ্ডের পরিমাণ—কেশসম্মিতো ব্রাহ্মণস্য, ললাটসম্মিতঃ ক্ষত্রিয়স্য, প্রাণসম্মিতো বৈশ্যস্য (আশ্বলায়ন) ব্রাহ্মণের কেশ পর্য্যন্ত লম্বা, ক্ষত্রিয়ের কপাল পর্য্যন্ত, বৈশ্যের নাসিকা পর্য্যন্ত। উক্ত বস্ত্রাদির অলাভে সকলেরই সকল বস্ত্রাদি হইতে পারে।]

যজ্ঞোপবীত।—কাপাসমুপবীতং স্যাদ্ বিপ্রস্যোর্দ্ধবৃতং ত্রিবৃৎ। শণতন্তুময়ং রাজ্ঞো বৈশ্যস্যাবিকসূত্রকম্॥ (মনু) ব্রাহ্মণের কাপাসতূলার সূতার, ক্ষত্রিয়ের শণের সূতার, বৈশ্যের পশমী সূতার পইতা। ব্রহ্মচারিণ একং স্যাৎ স্নাতস্য দ্বে বহূনি চ। তৃতীয়মুত্তরীয়ং বা বস্ত্রাভাবে তদিষ্যতে॥ (স্মৃতি) ব্রহ্মচারীর ১ দণ্ডী পইতা; সমাবর্ত্তনের পর দু'দণ্ডী বা বহু; তন্মধ্যে তৃতীয়টী উত্তরীয়বস্ত্রাভাবে উত্তরীয়ের কার্য্য করে।

গায়ত্রী।—সবিতা দেবতা বলিয়া গায়ত্রীকে সাবিত্রী বলে। 'গায়ন্তং ত্রায়তে' এই বাক্যে গায়ত্রী হয়। সর্ব্ববেদীর গৃহ্যসূত্রেই উপনয়নে সাবিত্রী উপদেশ আছে; গায়ত্রী উপদেশ কেহ বলেন নাই। তাহার কারণ—"সংবৎসরে ষণ্মাস্যে চতুর্বিংশত্যহে দ্বাদশাহে ষড়হে ত্র্যহে বা। সদ্যস্ত্বেব গায়ত্রীং ব্রাহ্মণায়ানুব্রূয়াৎ আগ্নেয়ো বৈ ব্রাহ্মণ ইতি শ্রুতেঃ। ত্রিষ্টুভং রাজন্যস্য জগতীং বৈশ্যস্য। সর্ব্বেষাং বা গায়ত্রীম্।" (পারস্কর সূত্র)। উহার হরিহরভাষ্য—সাবিত্রীপ্রদানস্য কালবিকল্পনাহ সংবৎসরে উপনয়নাদারভ্য পূর্ণে বর্ষে; ষণ্মাস্যে, ষড়েব মাসাঃ ষণ্মাস্যং স্বার্থে তদ্ধিতঃ, ছান্দসো বৃদ্ধিলোপঃ, তস্মিন্ ষণ্মাস্যে; চতুর্বিংশত্যহে চতুর্বিংশত্যা অহোভিরুপলক্ষিতঃ কালঃ চতুর্বিংশত্যহঃ তস্মিন্; দ্বাদশাহে দ্বাদশভিরহোভিরুপলক্ষিতঃ কালঃ দ্বাদশাহঃ তস্মিন্; ষড়হে ষড় ভিরহোভিরু লক্ষিতঃ কালঃ ষড়হঃ তস্মিন্; ত্র্যহে ত্রিভিরহোভিরুপলক্ষিতঃ কালঃ ত্র্যহঃ তস্মিন্; বা-শব্দঃ সর্ব্বেষু সংবৎসরাদিষু সম্বধ্যতে। এতে কালবিকল্পাঃ আচার্য্যস্য শুশ্রূষাদি-শিষ্যগুণতারতম্যাপেক্ষাঃ। এবং সামান্যেন সাবিত্রীপদানস্য কালবিকল্পানভিধায়, অধুনা ব্রাহ্মণস্য বিশেষমাহ, তুশব্দঃ পক্ষব্যাবৃত্তৌ, ব্রাহ্মণস্য নৈতে কালবিকল্পাঃ, কিন্তু ক্ষত্রিয়বৈশ্যয়োঃ। ব্রাহ্মণস্য সদ্য এব গায়ত্রীমনুব্রূয়াৎ। কুতঃ? আগ্নেয়ো বৈ ব্রাহ্মণ ইতি শ্রুতেঃ। আগ্নেয়ঃ অগ্নিদেবত্যঃ ব্রাহ্মণ ইতি বেদবচনাৎ। গায়ত্রী ছন্দো যস্যা ঋচঃ তাং গায়ত্রীং গায়ত্রীচ্ছন্দস্কাং সাবিত্রীং সবিতৃদেবত্যাম্ ঋচং বিশ্বামিত্রদৃষ্টাং তৎ সবিতুরিতি সর্ব্ববেদশাখাম্নাতাং ব্রাহ্মণায় ব্রহ্মচারিণে আচার্য্য অনুব্রূয়াৎ। রাজন্যস্য ক্ষত্রিয়স্য ত্রিষ্টুভং ত্রিষ্টুপ্ ছন্দো যস্যাঃ ঋচঃ সা ত্রিষ্টুপ্ তাং ত্রিষ্টুভং ত্রিষ্টুপ্ ছন্দস্কাং সাবিত্রীং সবিতৃদেবত্যাং বৃহস্পতি দৃষ্টাং দেব সবিতরিত্যাদিকাম্ ঋচম্। বৈশ্যস্য জগতী ছন্দো যস্যা ঋচঃ তাং জগতীং জগতীচ্ছন্দস্কাং সাবিত্রীং সবিতৃদেবত্যাং প্রজাপতিদৃষ্টাং বিশ্বা রূপাণি ইতি তাম্ ঋচম্। অনুব্রূয়াদিতি অনুষজ্যতে। সর্ব্বেষাং ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং গায়ত্রীমেব বা অনুব্রূয়াৎ (উক্ত মন্ত্রত্রয়ের ব্যাখ্যা আহ্নিককৃত্য ১ম ভাগে দ্রষ্টব্য)।

ছত্র —ঋগ্বেদী ও যজুর্ব্বেদীয় পাদুকা পরিধানের ন্যায় ছত্র ব্যবহারেও মন্ত্র আছে। সামবেদীয় কোনও মন্ত্র না থাকায় ছত্রের আবশ্যক নাই।

রথারোহণ।—ভবদেব গোভিল সূত্রানুসারেই লিখিয়াছেন—"ততঃ স্নাতকো গোযুগসহিতস্য রথস্য সমীপং গত্বা···অনেন মন্ত্রেণ পাদত্রয়েণ রথমারোহেৎ। প্রজাপতির্ঋষিঃ ত্রিষ্টুপ্ ছন্দো রথো দেবতা রথারোহণে বিনিয়োগঃ। ওঁ বনস্পতে বীড়ঙ্গো হি ভূয়া, অস্মৎসখা প্রতরণঃ সুবীরঃ। গোভিঃ সন্নদ্ধো অসি বীড়য়স্ব। ততশ্চতুর্থপাদেন তত্র উপবিশতি। আস্থাতা তে জয়তু জেত্বানি।" এ স্থলে সকলেই বহুকাল হইতে স্নাতককে বলিয়া আসিতেছেন—"আসন হইতে উঠিয়া ৩ পা গিয়া সম্মুখে ১ খানা দুইটা-গরু যুতা গাড়ি আছে মনে করিয়া মনে মনে তাহাতে উঠ, এবং আর ১ পা যাইয়া মনে মনে তাহাতে বইস।" সেই সময়ে বালকের মাতা বলিয়া থাকেন—"যেও না, ফিরে এস বাবা, তোমার বিয়ে দিব।" আসন হইতে উঠিয়া ৩ পা গিয়া ঐরূপ গাড়িতে উঠা কি কখনও কাহারও পক্ষে সম্ভব? গাড়িতে উঠিয়া আবার ১ পা গিয়া কি গাড়িতে বসিতে হয়? 'পাদত্রয়েণ' ও 'চতুর্থপাদেন' ইহাদের অর্থ কি '৩ পা ও আর এক পা যাইয়া'? বালকের মাতাই বা ঐরূপ কথা বলা কাহার নিকট হইতে শিক্ষা করিয়াছেন? তাঁহার পুত্র উপনয়নের পর গুরুগৃহে গিয়া বেদাধ্যয়ন-সহকারে ব্রহ্মচর্য্য সমাপন করিয়া, বিবাহ করিয়া গার্হস্থ্য পালন করিবার জন্যই গৃহে আসিয়াছে; সে এখন আবার কোথায় যাইতেছে যে, তাহাকে ফিরাইবার আবশ্যক হইয়াছে? ঐ পায়ের সঙ্গে বালকের কোনও সম্বন্ধ নাই। পাদ বলিতে শ্লোকের চরণ। চারি চরণে শ্লোক হয়; 'ভূয়া' পর্য্যন্ত প্রথম চরণ, 'সুবীরঃ' পর্য্যন্ত দ্বিতীয় চরণ, 'বীড়য়স্ব' পর্য্যন্ত তৃতীয় চরণ; এই ৩ চরণ পড়িয়া রথে আরোহণ করিবে, এবং চতুর্থ চরণ পড়িয়া রথে বসিবে। রঘুনন্দনের পূর্ব্বেও পূর্ব্বোক্ত প্রথা চলিত থাকায় তিনি স্পষ্ট করিয়া লিখিয়াছেন—"বনস্পতে ইত্যাদি মন্ত্রস্য চতুর্থপাদেন উপবিশতি।" ঐ মন্ত্রেরই চতুর্থ চরণ বলিয়া উহার ঋষ্যাদিও ধরা নাই, এটাও কেহ লক্ষ্য করেন নাই।

ত্রিরাত্র পালন।—গোভিল উপনয়নের পরেই (সমাবর্ত্তনের পূর্ব্বে) ত্রিরাত্র পালন করিতে বলিয়াছেন; যথা—"ত্রিরাত্রমক্ষারলবণাশী ভবতি।" কিন্তু এক্ষণে উপনয়নদিনেই সমাবর্ত্তন হয়—ইহা অশাস্ত্রীয়, এবং সমাবর্ত্তনের পর ত্রিরাত্র হইয়া থাকে—ইহাতে ব্যুৎক্রমই ঘটিতেছে। ইহাই সকল অধ্যাপকের মত। গোভিলের মতে ত্রিরাত্র পালন ব্রহ্মচর্য্যাবস্থায়; তাহার পর কতিপয় ব্রত পালন সহকারে বেদাধ্যয়ন (প্রতি বেদে ১২ বৎসর ধরিয়া ৪ বেদে ৪৮ বৎসর ন্যূনপক্ষে ১ বেদের জন্য ১২ বৎসর ব্রহ্মচর্য্য পালন করিয়া), তৎপরে সমাবর্ত্তন। বঙ্গদেশে বেদের চর্চ্চা সহস্রাধিক বৎসর বিলুপ্ত। দেশের বর্ত্তমান দুরবস্থায়

কেবলমাত্র বেদ অধ্যয়নের জন্য সুদীর্ঘকাল ব্রত পালন না করাইয়া "ত্রিপদা চৈব সাবিত্রী বিজ্ঞেয়ং ব্রহ্মণো মুখম্", "সাবিত্র্যাস্ত পরং নাস্তি"; "সাবিত্রী-মাত্রসারোঽপি" এই সমস্ত মনুবচন এবং "বেদস্থানে তু সাবিত্রী গৃহ্যতে তৎ সমাসতঃ" এই জৈমিনিবচন অনুসারে সাবিত্রী অধ্যয়নেই বেদাধ্যয়ন সিদ্ধ হয় বলিয়া, "গ্রহণান্তিকমেব বা" এই মনুবচন এবং "যাবদ্ গ্রহণান্তং বা বেদস্য" এই কাত্যায়নবচন হেতু উপনয়নদিনেই সমাবর্ত্তন প্রথা প্রচলিত হইয়াছে। বেদাধ্যয়নই যখন হইল না, তখন অনর্থক ব্রতপালনও পরিত্যক্ত হইয়াছে। রঘুনন্দন লিখিয়াছেন "ইদানীমুপনয়ন-ব্রতাতিরিক্ত-ব্রতানাচরণাদন্যদ্‌ব্রতাদি ন লিখিতং, ভবদেবভট্টেনাপি ন লিখিতম্।" সুতরাং উপনয়নদিনে সমাবর্ত্তন অশাস্ত্রীয় নহে। গোভিল ব্রহ্মচর্য্যাবস্থায় যে ত্রিরাত্রব্রত বলিয়াছেন, তাহাতে ব্রহ্মচারীর নিত্যধর্ম্মও বলা হইয়াছে; যথা—"মেখলাধারণ-ভৈক্ষচর্য্য-দণ্ডধারণ-সমিদাধানোদকোপস্পর্শন-প্রাতরভিবাদা ইত্যেতে নিত্যধর্ম্মাঃ।" কিন্তু এক্ষণে ত্রিরাত্রব্রতে ব্রহ্মচারী মেখলাধারণ করে না, ভিক্ষাচরণও করে না, দণ্ডধারণও করে না, সমিদাধানও করে না; অতএব এক্ষণে সমাবর্ত্তনের পর যে ত্রিরাত্র পালন করে, তাহা গোভিলোক্ত ত্রিরাত্র নহে। উহা অঙ্গকর্ম্ম বলিয়া, অঙ্গকর্ম্ম না করিলেও প্রধান কর্ম্ম অসিদ্ধ হয় না বলিয়া উহা পরিত্যক্তই হইয়াছে; যথা প্রধানস্যাক্রিয়া যত্র সাঙ্গং তৎ ক্রিয়তে পুনঃ। তদঙ্গস্যাক্রিয়ায়ান্ত নাবৃত্তির্ন চ তৎক্রিয়া॥ (ছঃ পঃ) প্রধান কর্ম্ম না করিয়া অঙ্গকর্ম্ম করিলে পুনর্ব্বার প্রধান কর্ম্ম ও অঙ্গকর্ম্ম করিতে হয়; কিন্তু অঙ্গকর্ম্ম না করিয়া কেবল প্রধান কর্ম্ম করিলে প্রধান কর্ম্মও আর করিতে হয় না এবং অঙ্গকর্ম্মও করিতে হয় না। এক্ষণে সমাবর্ত্তনের পর যে ত্রিরাত্র পালন করা হইতেছে, তাহা পারস্করোক্ত সমাবর্ত্তনান্ত ত্রিরাত্র ব্রত। সুতরাং ইহাতে ব্যুৎক্রম হইতেছে না, অনুক্রমই রক্ষিত হইতেছে। যথা পারস্কর—"স্নাতস্য যমান্ বক্ষ্যামঃ......। তিস্রো রাত্রীর্ব্রতং চরেৎ। অমাংসাশ্যমৃন্ময়পায়ী। স্ত্রী-শূদ্র-শব-কৃষ্ণশকুনি-শুনাঞ্চাদর্শন-মসম্ভাষা চ তৈঃ। শব-শূদ্র-সূতকান্নানি চ নাদ্যাৎ। মূত্রপুরীষে ষ্ঠীবনঞ্চাতপে ন কুর্য্যাৎ। সূর্য্যাচ্ছাত্মানং নান্তর্দধীত।" সমাবর্ত্তনের পর ত্রিরাত্র ব্রত করিবে। তাহাতে মাছ-মাংস খাইবে না; মৃন্ময় পাত্রে জলপান করিবে না; স্ত্রী, শূদ্র, শব, কাক ও কুকুর দেখিবে না এবং তাহাদের সহিত কথাও কহিবে

না ; যাহাদের মৃত সন্তান জন্মে তাহাদের, শূদ্রের ও অশৌচীর অন্ন খাইবে না ; মল, মূত্র ও থুথু ফেলা রৌদ্রে করিবে না ; সূর্য্য হইতে আপনাকে ছত্রাদি দ্বারা অন্তহিত করিবে না ।০। পারস্কর যজুর্ব্বেদি গ্রন্থকার, সামবেদীরা তাঁহার মতে কার্য্য করিবে কেন ? ইহার উত্তর যন্নাম্নাতং স্বশাখায়াং পারক্যমবিরোধি চ। বিদ্বদ্ভিস্তদনুষ্ঠেয়মগ্নিহোত্রাদিকর্ম্মবৎ ॥ (কাত্যায়ন) যাহা স্বশাখায় নাই, অথচ স্বশাখার বিরোধিও নহে, তাহা পরশাখানুসারে করিতে পারা যায়। এইজন্য গোভিল অন্নপ্রাশন সংস্কার না ধরিলেও সামবেদীরা অন্নপ্রাশন করে ; উপনয়নে মেখলা, অজিন ও যজ্ঞোপবীত ধারণের মন্ত্র সামবেদে না থাকিলেও অন্যবেদোক্ত মন্ত্র পাঠ করে, এবং গোভিল যজ্ঞোপবীত ধারণ করিতে না বলিলেও যজ্ঞোপবীত ধারণ করিয়া থাকে ; সন্ধ্যায় গোভিল, পারস্কর ও আশ্বলায়ন প্রাণায়ামের পর কেবল আচমন করিতে বলিলেও সর্ববেদীই বৌধায়নোক্ত কৃষ্ণযজুর্ব্বেদীয় সূর্য্যশ্চ ইত্যাদি মন্ত্রত্রয়ে ত্রিসন্ধ্যায় আচমন করিয়া থাকেন। তদ্ভিন্ন, গোভিলও সমাবর্ত্তনের পর "অত ঊর্দ্ধং বৃদ্ধশীলী স্যাদিতি সমস্তোপদেশঃ" ইত্যাদি বলিয়া শেষে বলিয়াছেন—"যানি চ শিষ্টা বিদধ্যুঃ ;" অন্য আচার্য্যেরা যাহা যাহা বিধান করিয়াছেন, তৎসমস্তও করিবে। ইহা দ্বারা তিনি ত সমাবর্ত্তনের পর অন্যশাখোক্ত কার্য্য করিতে অনুমতিই দিয়া গিয়াছেন।০। যদি বলেন পারস্করোক্ত ত্রিরাত্রও অঙ্গকর্ম্ম ; উহা না করিলেও যখন সমাবর্ত্তন অসিদ্ধ হয় না, তখন না করিতেও পারা যায়। ইহার উত্তর—বাঢ়ম্ ; না করিলেও ক্ষতি নাই ; এইজন্য যাহাদের কালীঘাটে পইতা হয়, তাহারা করে না, এবং বাঙ্গলা ভিন্ন অন্য দেশেও করে না। তবে আমি বলি, আজকাল প্রায় সকলেই সন্ধ্যা করা ছাড়িয়াছে, তখন জীবনের মধ্যে ঐ তিনদিন বাধ্য হইয়া সন্ধ্যাটা করিতে হইবে বলিয়া উহা উঠাইয়া না দেওয়াই ভাল।

সংস্কার—বিবাহ

পাকা দেখা।—বাগ্দানের পরিবর্ত্তে এক্ষণে "পাকা দেখা" প্রচলিত হইয়াছে। উহাতে আশীর্ব্বাদের মন্ত্র আশ্বলায়ন গৃহ্যপরিশিষ্টে—ওঁ শিবা আপঃ সন্তু।

ওঁ সৌমনস্যমস্তু। ওঁ অক্ষতারিষ্টঞ্চাস্তু। ওঁ এতদ্বঃ সত্যমস্তু। ওঁ সমানী ব আকূতিঃ সমানা হৃদয়ানি বঃ। সমানমস্তু বো মনো, যথা বঃ সু সহাসতি॥ ওঁ প্র সু গন্তা ধিয়সানস্য সক্ষণি, বরেভির্বরা অভি ষু প্রসীদতঃ। অস্মাকমিন্দ্র উভয়ং জুজোষতি, যৎ সোম্যস্যান্ধসো বুবোধতি॥

(সমানীত্যস্যার্থঃ—হে যজমানাঃ, বঃ যুষ্মাকম্ 'আকূতিঃ' সঙ্কল্পঃ 'সমানী' একবিধা অস্তু। তথা 'বঃ' যুষ্মাকং 'হৃদয়ানি' 'সমানা' সমানানি একবিধানি সন্তু। 'বঃ' যুষ্মাকং 'মনঃ' অন্তঃকরণং (প্রত্যেকাপেক্ষয়া একবচনং) তদপি 'সমানম্' একবিধম্ 'অস্তু'। যথা 'বঃ' যুষ্মাকং 'সুসহ' শোভনং সাহিত্যম্ 'অসতি' ভবতি, তথা সমানমস্তু ইত্যন্বয়ঃ।

প্রেত্যস্যার্থঃ—'ইন্দ্র' স্বভূতৌ হরী (অশ্বৌ) 'ধিয়সানস্য' ইন্দ্রাগমনং চিন্তয়তো যজমানস্য মনঃসম্বন্ধিনি 'সক্ষণি' সেবায়াং যদ্গুণকে সেব্যে যজ্ঞে নিমিত্তে 'গন্তা' আগচ্ছতৌ 'সু' সুষ্ঠু প্রেরয়তি ততঃ স ইন্দ্রঃ 'বরেভিঃ' বরণীয়ৈঃ মার্গৈঃ 'প্রসীদতঃ' হবিরাসাদয়তো যজমানস্য 'বরান্ উৎকৃষ্টান্ হবির্বিশেষান্ স্তুতিবিশেষাংশ্চ অভি লক্ষ্যীকৃত্য সুষ্ঠু আগচ্ছতু। স ইন্দ্রঃ আগতঃ সন্ 'অস্মাকং' স্বভূতম্ 'উভয়ং' হবিশ্চ স্তুতিশ্চ ইতি দ্বয়ং 'জুজোষতি' সেবতাং ভক্ষয়তু শৃণোতু চ ইত্যর্থঃ। 'যৎ' যদা 'সোম্যস্য' সোমসম্পাদিনো মম 'অন্ধসঃ' অন্নরূপস্য সোমস্য রসমিতি শেষঃ 'বুবোধতি' বুধ্যতে জিহ্বয়া বিজানাতি সোমং পিবতীত্যর্থঃ তদা জুজোষতি পূর্ব্বেণ সম্বন্ধঃ।

অপ্রশস্তা কন্যা —স্বীয় দৈর্ঘ্য হইতে অধিক দৈর্ঘ্যবিশিষ্টা, অতি খর্ব্বাকৃতি (বামন), কেকরা (টেরা), পিঙ্গলাক্ষী (বেরাল-চোকী), লোমশা, অধিকাঙ্গী (ষড়ঙ্গুলি ইত্যাদি), চিররুগ্ণা, ব্যাধিগ্রস্তা।

অবিবাহ্যা কন্যা।—পিতার সগোত্র (দত্তক পুত্র স্থলে উভয় পিতারই সগোত্রা) মাতামহের সপিণ্ডা, বয়োজ্যেষ্ঠা, মাতৃনাম্নী; বিমাতার ভগিনী, ভ্রাতুষ্পুত্রী, ভ্রাতৃপৌত্রী ও ভ্রাতৃদৌহিত্রী; গুরুসন্ততি, শিষ্যসন্ততি, সমানপ্রবরা, এবং কলিযুগে অসবর্ণা।

বিবাহে সপিণ্ডাবিচার।—স্বীয় পিতা হইতে (তাঁহাকেও ধরিয়া,—এইরূপ সর্ব্বত্র) উপরিতন ৭ পুরুষের মধ্যে প্রত্যেকের সন্তানপরম্পরায় অধস্তন সপ্তমী পর্য্যন্ত কন্যা। স্বীয় মাতামহ হইতে উপরিতন ৫ পুরুষের মধ্যে প্রত্যেকের অধস্তন পঞ্চমী পর্য্যন্ত কন্যা। পিতার পিস্তুত ও মাসতুত ভাই ও তাহাদের মাতার অধস্তন সপ্তমী পর্য্যন্ত কন্যা। পিতার অপুত্রক পিসী ও মাসী থাকিলে, তাঁহাদিগের অধস্তন সপ্তমী পর্য্যন্ত কন্যা। পিতার মামাত ভাইয়ের

উপরিতন ৭ পুরুষের মধ্যে প্রত্যেকের সপ্তমী পর্য্যন্ত কন্যা। পিতার মাতুল ও মামাত ভাই না থাকিলে স্বীয় মাতামহাদি উপরিতন ৫ পুরুষের মধ্যে প্রত্যেকের পঞ্চমী পর্য্যন্ত কন্যা। মাতার মাসতুত ভাই ও তাহার মাতার অধস্তন পঞ্চমী পর্য্যন্ত কন্যা। মাতার অপুত্রক পিসী ও মাসী থাকিলে তাঁহাদের অধস্তন পঞ্চমী পর্য্যন্ত কন্যা। মাতার মামাত ভাই হইতে উপরিতন ৫ পুরুষের মধ্যে প্রত্যেকের পঞ্চমী পর্য্যন্ত কন্যা। মাতার মাতুল ও মামাত ভাই না থাকিলে তাঁহার মাতামহাদির উপরিতন ৩ পুরুষের মধ্যে প্রত্যেকের তৃতীয়া কন্যা—সপিণ্ডা। প্রায়শ্চিত্ত—পূর্ব্বোক্ত সর্ব্বপ্রকার অবিবাহ্যা কন্যাকে বিবাহ করিলে চান্দ্রায়ণ করিয়া ঐ কন্যাকে মাতার ন্যায় ভরণপোষণ করিবে; তাহাতে সন্তান উৎপাদন করিলে পতিত হয় এবং সন্তানও চাণ্ডালত্ব প্রাপ্ত হয়।

সহোদর ও সহোদরাদিগের বিবাহ।—জ্যেষ্ঠ সহোদরের বিবাহ না হইলে তাহার জীবিত অবস্থায় কনিষ্ঠের বিবাহ নিষিদ্ধ। জ্যেষ্ঠা সহোদরার বিবাহ না হইলে কনিষ্ঠার বিবাহও নিষিদ্ধ। ঐরূপ বিবাহ হইলে ঐ সহোদরদ্বয় এবং কন্যা, কন্যাদাতা ও পুরোহিত পতিত হন। জ্যেষ্ঠ সহোদরের বা জ্যেষ্ঠা সহোদরার অনুমতি লইয়া বিবাহ করিলেও দোষমুক্ত হয় না। তবে জ্যেষ্ঠ সহোদর যদি চিরবিদেশস্থ, নপুংসক (হিজ্ড়া) বেশ্যাসক্ত, পতিত, ব্যাধিগ্রস্ত, জড়, মূক, অন্ধ, বধির, কুব্জ, বামন, অতিবৃদ্ধ, বিবাহ করিতে অনিচ্ছুক, অন্যের দত্তকপুত্র, ব্রহ্মচারী, বা সন্ন্যাসী হয়, এবং জ্যেষ্ঠ সহোদরা যদি বিকলাঙ্গী, চির-রুগ্ণা ও ব্যাধিগ্রস্তা হয়, তাহা হইলে তাহাদের অনুমতি না লইয়াও কনিষ্ঠ ও কনিষ্ঠা বিবাহ করিতে পারে। জ্যেষ্ঠ সহোদর বিদ্যা, ধর্ম্ম বা ধন উপার্জ্জনার্থ বিদেশস্থ হইলে ব্রাহ্মণ ১২ বৎসর, ক্ষত্রিয় ১০ বৎসর, বৈশ্য ৮ বৎসর এবং শূদ্র ৬ বৎসর অপেক্ষা করিয়া তৎপরে বিবাহ করিবে। যমজ সন্তানের মধ্যে যে অগ্রে ভূমিষ্ঠ হয়, সেই জ্যেষ্ঠ; তাহাতে সন্দেহ হইলে মাতা বা পিতা অগ্রে যাহার মুখ দর্শন করেন, সেই জ্যেষ্ঠ বলিয়া গণ্য। একদিনে সহোদর ও সহোদরাদিগের বিবাহ ও দুই কন্যা দান নিষিদ্ধ। পরন্ত "একোদরপ্রসূতানা-মেকস্মিন্নপি বাসরে। বিবাহো নৈব কর্ত্তব্যো গর্গস্য বচনং যথা॥" (কালাদর্শ)। "একস্মিন্ দিবসে চৈব সোদরাণাং তথৈব চ। যুগ্মমৌদ্বাহিকং বর্জ্জ্যং কন্যাদানদ্বয়ং তথা॥" (মৎস্যসূক্ত ও মহাভারত)। পূর্ব্ববচনে 'বাসরে' স্থলে 'বৎসরে' এইরূপ পাঠান্তর থাকায় বশিষ্ঠ, বিশ্বামিত্র ও শতানন্দের উপস্থিতিতেও লক্ষ্মণ ও শত্রুঘ্নের এবং জনকসহোদর কুশধ্বজের দুই কন্যার বিবাহ হইয়াছিল এবং দুই সহোদরই দুই-দুই কন্যা দান করিয়াছিলেন। সেই দৃষ্টান্তে অদ্যাপি ঐরূপ প্রথা চলিয়া আসিতেছে।

কন্যাদানাধিকারী।—পিতা, পিতামহ, সহোদর ভ্রাতা, পিতৃসপিণ্ড, পিতৃজ্ঞাতি, মাতামহ, মাতুল, মাতা, মাতামহসপিণ্ড, মাতামহ জ্ঞাতি—ইঁহারা যথাক্রমে কন্যাদানের অধিকারী। ইঁহাদের মধ্যে কেহ মৃত, অপ্রকৃতিস্থ, পতিত বা প্রব্রজিত হইলে তৎপরবর্ত্তী ব্যক্তি অধিকারী হইবেন। দ্বিজাতির উপনয়ন এবং শূদ্রের চূড়াকরণ না হইলে অন্যের সংস্কারে অধিকার হয় না। যে কন্যার দানাধিকারী কেহ না থাকে, সে আপনিই আপনাকে দান করিবে। অপ্রকৃতিস্থ প্রভৃতি ব্যক্তিদিগের মধ্যে যদি কেহ কন্যা দান করেন, তাহা হইলে বিবাহ অসিদ্ধ হয় না। "যদি তু বিবাহো নির্বৃত্তঃ, তদা প্রধানস্য নিষ্পন্নত্বেন অধিকারি-বৈকল্যাৎ ন তস্য পুনরাবৃত্তিরিতি" —রঘুনন্দন।

প্রতিনিধি।—প্রধান অধিকারী সত্ত্বেও তাঁহার প্রতিনিধি কন্যাদান করিলে পরার্থের ন্যায় বাক্য বলিবেন।

বরণ বাক্যে—"শুভবিবাহেন দাতুং" ইহাই প্রাচীন পাঠ। তন্মতে (বি-বহ+ঘঞ্) 'বিবাহ' এই কৃৎপ্রত্যয়ান্ত পদের যোগে কর্ত্তা ও কর্ম্মে ষষ্ঠীবিধান-হেতু বর ও কন্যা উভয়েরই বিবাহ বুঝায় বলিয়া 'ধান্যেন ধনবান্' ইত্যাদির ন্যায় অভেদে তৃতীয়া হওয়ায় উহার অর্থ—বিবাহরূপ দান করিবার জন্য। নব্যেরা বিবাহ শব্দের অর্থ 'ভার্য্যাত্বে গ্রহণ' বলিয়া "শুভবিবাহায় দাতুং" (বিবাহের জন্য—তোমার ভার্য্যাত্বে গ্রহণের জন্য—দান করিতে) এইরূপ কল্পিত পাঠ করিয়া থাকেন। ভবদেবও "শুভবিবাহেন দাতুং"ই লিখিয়াছেন।

শ্রীমতী।—দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতাম্। সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ॥ (প্রয়োগসার; স্বর্গগামিত্বাদিনা সিদ্ধঃ অধিকারো যেষাং তান্, জীবতঃ ইত্যর্থঃ) এই বচন অনুসারে জীবিত ব্যক্তির নামের আদিতে শ্রীই বলিতে হয়; কন্যার নামের পূর্ব্বে শ্রীমতী বলিবার কোনও প্রমাণ নাই। শ্রীমতীঅমুকদেব্যাঃ ইত্যাদিরূপ বলিলে ব্যাকরণদোষও ঘটে।

ঋতুমতী কন্যা।—কন্যামৃতুমতীং শুদ্ধাং কৃত্বা নিষ্কৃতিমাত্মনঃ। শুদ্ধাঞ্চ কারয়িত্বা তামুদ্বহেদানৃশংস্যধীঃ॥ পিতা ঋতূন্ স্বপুত্র্যাস্তু গণয়েদাদিতঃ সুধীঃ।

দানাবধি গৃহে যত্নাৎ পালয়েচ্চ রজোবতীম্ ॥ দদ্যাৎ তদৃতুসংখ্যা গাঃ শক্তঃ কন্যাপিতা যদি। দাতব্যৈকা তু নিঃস্বেন দানে তস্যা যথাবিধি ॥ দদ্যাদ্ বা ব্রাহ্মণে-ভ্যন্নমতিনিঃস্বঃ সদক্ষিণম্। তস্যাতীতর্ত্তুসংখ্যেষু বরায় প্রতিপাদয়েৎ ॥ উপোষ্য ত্রিদিনং কন্যা রাত্রৌ পীত্বা গবাং পয়ঃ। অদৃষ্টরজসে দদ্যাৎ কন্যায়ৈ রত্নভূষণম্ ॥ তামুদ্বহন্ বরশ্চাপিকুষ্মাণ্ডৈর্জুহুয়াদ্দ্বিজঃ ॥ (নির্ণয়সিন্ধুধৃত আশ্বলায়নবচন)। অথ যদি কন্যা উপসাদ্যমানা বোহ্যমানা বা রজস্বলা স্যাৎ, তামনুমন্ত্রয়েৎ—পুমাংসৌ মিত্রাবরুণৌ পুমাংসাবশ্বিনাবুভৌ। পুমানিন্দ্রশ্চ সূর্য্যশ্চ পুমাংসঞ্চ দধাত্বিয়মিতি। অথ প্রাশয়েচ্চ পঞ্চগব্যমথ শুদ্ধাং কৃত্ব বিবহেৎ। (বৌধায়নসূত্র) বিবাহের পূর্ব্বে কন্যা ঋতুমতী হইলে ঋতুপ্রবৃত্তি হইতে বিবাহের পূর্ব্ব পর্য্যন্ত গণনা করিয়া ঋতুসংখ্যানুসারে পিতা গরুদান করিবে (অশক্তপক্ষে গোমূল্য ।॰ হিসাবে)। নিঃস্ব পিতা একটিমাত্র গরু বা গোমূল্য দান করিবেন। অতি নিঃস্ব হইলে ঋতুসংখ্যানুসারে ব্রাহ্মণদিগকে দক্ষিণাসহ ভোজ্য দিবে। কন্যা ৩ দিন উপবাস করিয়া রাত্রিতে গোদুগ্ধ পান করিবে (উপবাসে অশক্ত হইলে প্রতিদিন ৵৹ উৎসর্গ করিবে)। বর কুষ্মাণ্ডীমন্ত্রে (আহ্নিককৃত্য ২য় ভাগে দোলযাত্রায় দ্রষ্টব্য) হোম করিবে বা করাইবে। কন্যা যদি বিবাহ সময়ে ঋতুমতী হয়, তাহা হইলে বর 'পুমাংসৌ মিত্রাবরুণৌ' এই মন্ত্র তাহাকে শুনাইয়া পঞ্চগব্য পান করাইবে।

গোত্র-প্রবর।—"বংশপরম্পরাপ্রসিদ্ধাদিপুরুষব্রাহ্মণরূপং গোত্রম্" (বংশপরম্পরায় প্রসিদ্ধ আদিপুরুষ ব্রাহ্মণকে গোত্র বলে)। এতাবতা ব্রাহ্মণেরই গোত্র হয়। ক্ষত্রিয় ও বৈশ্যের সর্ব্বপ্রথম পুরোহিতগোত্রই গোত্র (ইহাকে অতিদিষ্ট গোত্র বলে)। "বৈশ্যবচ্ছূদ্রকল্পশ্চ" এই মনুবচন অনুসারে শূদ্রের গোত্র বৈশ্যের ন্যায় সর্ব্বপ্রথম পুরোহিতের গোত্র (ইহাকে অতিদিষ্টাতিদিষ্ট গোত্র বলে)। "প্রবরস্তু গোত্রপ্রবর্ত্তকস্য মুনের্ব্যাবর্ত্তকো মুনিগণঃ" (গোত্রপ্রবর্ত্তক মুনির ভেদবুদ্ধিজনক মুনিগণকে প্রবর বলে)। যেমন—দুইজন কশ্যপ ছিলেন, তন্মধ্যে একজনের পাঁচ প্রবর, অন্যজনের তিন প্রবর; এই প্রবর অনুসারেই তাঁহারা যে বিভিন্ন ব্যক্তি, তাহা বুঝা যায়। আশ্বলায়ন শ্রৌতসূত্র, বৌধায়নসূত্র, আপস্তম্বসূত্র, কাত্যায়নসূত্র, ধনঞ্জয়কৃত ধর্ম্মপ্রদীপ, নির্ণয়সিন্ধু ইত্যাদি (গ্রন্থ) দেখিয়া প্রবর লিখিত হইতেছে। প্রবরকে আর্ষেয় (ঋষির অপত্য) বলে; তজ্জন্য প্রবরের মধ্যে প্রায়ই অপত্যার্থপ্রত্যয়ান্ত পদই দেখা যায়। অনেকে ভরদ্বাজাঙ্গি-রস, কাশ্যপাপসার নৈয়ধ্রুব, শাণ্ডিল্যাসিতদেবল, ঔর্ব্বচ্যবন-ভার্গবজামদগ্ন্যাপ্নবৎ ইত্যাদি বলিয়া থাকেন; ঐ সমস্ত ভ্রমপূর্ণ। ভরদ্বাজ স্থলে ভারদ্বাজ, অপসার স্থলে আবৎসার, নৈয়ধ্রুব স্থলে নৈধ্রুব (নিধ্রুবি+ষ্ণ), দেবল স্থলে দৈবল, আপ্নবৎ স্থলে আপ্নবান শুদ্ধ। আপ ধাতুর উত্তর শতৃ প্রত্যয় করিলে আপ্নুবৎ হয়।

শুক্ল যজুর্ব্বেদে (৩ অঃ ১৫) "অয়মিহ প্রথমো ধায়ি" ইত্যাদি মন্ত্রে যে "যমপ্নবানো ভৃগবঃ', আছে, তাহার ভাষ্যে মহীধর লিখিয়াছেন—"অপ্নশব্দঃ অপত্যনামসু পঠিতঃ (নিঘণ্ট্ ২।২।৭) অপ্নবানঃ পুত্রবন্তঃ ভৃগুবংশোৎপন্না মুনয়ঃ ; যদ্বা অপ্নবান্ ঋষিঃ, অপ্নবানঃ তৎপ্রভৃতয়ঃ, ভৃগবশ্চ মুনয়ঃ॥" অপ্ন+অস্ত্যর্থে বতু=অপ্নবৎ, প্রথমার একবচনে অপ্নবান্। ঋষির নাম অপ্নবান্, পুংলিঙ্গে বহুবচনে অপত্যপ্রত্যয়ের লোপ হওয়ায় অপ্নবান্ (যেমন রাঘব, ঐক্ষ্বাক ইক্ষ্বাকু); সমাসে ও তদ্ধিত প্রত্যয়ে সংজ্ঞাবাচক শব্দের বিভক্তির লোপ হয় না। যেমন—কাহারও নাম ভগবান থাকিলে তাহার সহিত চন্দ্র যোগ করিয়া ভগবচ্চন্দ্র বলা যায় না, এবং তাহার পুত্র অর্থে ষ্ণ প্রত্যয় করিলে ভাগবান হয় (ভাগবত হয় না), সেইরূপ অপ্নবান্+ষ্ণ=আপ্নবান হইয়া থাকে। অগস্ত্যগোত্রে আগস্ত্য-দার্ঢ্যচ্যু-তৈধ্মবাহ। অঙ্গিরোগোত্রে আঙ্গিরস-বার্হস্পত্য-ভারদ্বাজ। অত্রিগোত্রে আত্রেয়ার্চ্চনানস-শ্যাবাশ্ব। আলবালগোত্রে আঙ্গিরস-ভার্ম্যাশ্ব-মৌদগল্য। কাণ্বগোত্রে কাণ্বাঙ্গিরসাজমীঢ়। কাশ্যপগোত্রে কাশ্যপাবৎসার-নৈধ্রুব। কৌণ্ডিন্য গোত্রে—ভারদ্বাজাঙ্গিরস-বার্হস্পত্য। গৌতমগোত্রে গৌতমাঙ্গিরসায়াস্য। ঘৃতকৌশিক-গোত্রে কুশিক-কৌশিক- ঘৃতকৌশিকং ; অথবা কুশিক-কৌশিক-বন্ধুল। জমদগ্নিগোত্রে ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যাপ্নবান। পরাশরগোত্রে পারাশর্য্য-শাক্ত্য-বাশিষ্ঠ। পূতিমাষ্যগোত্রে আঙ্গিরস-সাঙ্কৃত্য-গৌরবীত। ভরদ্বাজগোত্রে ভারদ্বাজাঙ্গিরস-বার্হস্পত্য। ভৃগুমৌদগল্য ও বশিষ্ঠ গোত্রে ঔর্ব্ব-চ্যাবন-ভার্গব-জামদগ্ন্যা-প্নবান। বাৎস্যগোত্রে ঔর্ব্ব-চ্যাবন-জামদগ্ন্যাপ্নবান। বাসুকিগোত্রে অক্ষোভ্যানন্ত বাসুকি। বিশ্বামিত্রগোত্রে বৈশ্বামিত্রৌদল-দৈবরাত। বৈয়ার্ঘ্যপদ্য গোত্রে আঙ্গিরস-সাঙ্কৃত্য গৌরবীত। শক্তিগোত্রে শাক্ত্য-গৌরবীত-সাঙ্কৃত্য। শাণ্ডিল্যগোত্রে শাণ্ডিল্যাসিত-দৈবল। শুনকগোত্রে শৌনক। সাবর্ণগোত্রে ঔর্ব্ব-চ্যাবন-জামদগ্ন্যাপ্নবান। সিরীষগোত্রে আত্রেয়ার্চ্চনানস-পৌর্ব্বাতিথ। সৌকালিনগোত্রে সৌকালিনাঙ্গিরস-বার্হস্পত্যাবৎসার। কেহ কেহ শূদ্রের প্রবর নাই বলিয়া "যথাসম্ভব-প্রবর" বলান। ব্রাহ্মণভিন্ন কোনও জাতিরই ত গোত্র নাই ; তবে গোত্রের নাম যখন বলান হইতেছে, তখন প্রবরের নাম বলিতে আপত্তি কি ?

চতুর্থী হোম।—বিবাহতিথি হইতে চতুর্থী তিথিতে কর্ত্তব্য ; কিন্তু এক্ষণে পাণিগ্রহণের দিনেই সকলে করিয়া থাকেন। রঘুনন্দনও বলিয়াছেন—যদি তু অশক্তেঃ কুলাচারবশাদ্বা তদ্দিন এব চতুর্থীহোমঃ ক্রিয়তে, তদা তৎসমাপ্তাবেব উদীচ্যং কর্ম্ম তন্ত্রেণ কর্ত্তব্যম্। অশক্তিবশতঃ অথবা কুলাচারবশতঃ যদি সেই দিনেই (ধৃতি হোম-দিনেই) করা হয়, তাহা হইলে তাহার পরে একেবারেই উদীচ্যকর্ম্ম করিবে।

শ্রীভবদেবপদ্ধতিঃ

গ্রন্থারম্ভ

—:※:—

বৃদ্ধিশ্রাদ্ধ-বৈদিকব্যাকরণসমেতা
টীকা-টিপ্পণী-বঙ্গানুবাদসহিতা চ

শ্রীশ্যামাচরণকবিরত্নবিদ্যাবারিধি

সম্পাদিতা

শ্রীভবদেবভট্টকৃতা সামগানাং দশবিধসংস্কারপদ্ধতিঃ॥ চতুর্ব্বদনসদ্মস্থ-চতুর্বেদকুটুম্বিনে। দ্বিজানুষ্ঠেয়সৎকর্ম্ম-সাক্ষিণে ব্রহ্মণে নমঃ (১)॥ গৃহ্যসূত্রার্থমালোচ্য ছন্দোগানামিয়ং ক্রমাৎ। কৃতা শ্রীভবদেবেন কর্ম্মানুষ্ঠানপদ্ধতিঃ (২)॥ তত্র সর্ব্বেষামাহুতিযুক্তকর্ম্মণাং কুশণ্ডিকা-সংস্কৃতাগ্নিসাধ্যত্বাৎ কুশণ্ডিকৈব প্রথম-মভিধীয়তে (৩)। তত্র উভয়তশ্চতুর্হস্তপ্রমাণং ভূপ্রদেশং শর্করাঙ্গারাস্থি-কেশতুষাদিরহিতং পূর্ব্বোত্তরপ্লবং সমং বা ছায়ামণ্ডপসহিতং গোময়েনোপলিপ্য (৪), স্নাতঃ শুচিরাচান্তঃ প্রাঙ্মুখঃ কুশসহিতাসনোপবিষ্টঃ কর্ত্তা (৫), উত্তরস্যাং দিশি অভ্যুক্ষণার্থং কুশ-কুসুম-সহিতং জলপাত্রং নিধায়

---

(১) গ্রন্থারম্ভে মঙ্গলাচরণং চতুর্ব্বদনেতি। ব্রহ্মণে নমঃ। কীদৃশায় ব্রহ্মণে? চত্বারি বদনান্যেব সদ্মানি গৃহাণি, তেষু তিষ্ঠন্তীতি চতুর্ব্বদনসদ্মস্থাঃ, তথাভূতা যে চত্বারো বেদাঃ, তান্ কুটুম্বয়তে ধারয়তি যঃ তস্মৈ; যস্য চতুর্ষু মুখেষু চত্বারো বেদাস্তিষ্ঠন্তি তস্মৈ ইত্যর্থঃ। পুনঃ কীদৃশায়? দ্বিজানাং ব্রাহ্মণানাম্ অনুষ্ঠেয়ানি যানি সৎকর্ম্মাণি, তেষাং তেষু বা সাক্ষিণে সাক্ষাদ্দ্রষ্ট্রে। (২) অথ গ্রন্থপরিচয়ঃ গৃহ্যসূত্রেতি। শ্রীভবদেবেন অর্থাৎ ময়া, গৃহ্যসূত্রার্থং মহর্ষি-গোভিল-প্রণীতস্য সামগানাং গৃহ্যসূত্রনাম্নো গ্রন্থস্য অর্থম্ আলোচ্য বিচার্য্য, ছন্দঃ বেদং গায়ন্তীতি ছন্দোগাঃ সামবেদিনঃ তেষাম্ ইয়ং কর্ম্মানুষ্ঠানপদ্ধতিঃ বিবাহাদিকর্ম্মণাং যৎ অনুষ্ঠানং যথাবিধি সম্পাদনং তস্য পদ্ধতিঃ প্রয়োগপুস্তিকা কৃতা কর্ত্তুমারব্ধা (আরম্ভে ক্তঃ)। (৩) সেই পদ্ধতিতে সমস্ত আহুতিযুক্ত কর্ম্ম, কুশণ্ডিকা দ্বারা সংস্কৃত অগ্নিতে সম্পাদিত হয় বলিয়া, প্রথমে কুশণ্ডিকাই বলা যাইতেছে। জ্ঞাতব্য—হোমকার্য্য তিন ভাগে বিভক্ত; প্রথম ভাগের নাম কুশণ্ডিকা, দ্বিতীয় ভাগের নাম প্রকৃত (প্রধান) কর্ম্ম, এবং তৃতীয় ভাগের নাম উদীচ্য (উত্তর বা শেষ) কর্ম্ম। কুশ্ (সংশ্লেষে)। অণ্ডচ্, গৌরাদিত্বাৎ ঙীষ্—কুশণ্ডী+স্বার্থে ক+আপ্—কুশণ্ডিকা, যে প্রক্রিয়া দ্বারা হোমার্থ সমস্ত দ্রব্যের সংযোগ (আয়োজন) করা যায় তাহাকে কুশণ্ডিকা বলে। (৪) সেই কুশণ্ডিকায় (প্রথমতঃ বেদি করিতে হয়; তাহার বিষয় বলা হইতেছে); উভয়তঃ (পূর্ব্ব-পশ্চিমে উভে, দক্ষিণোত্তরে চ উভে তাসু উভয়তঃ) অর্থাৎ চারিদিকেই চতুর্হস্তপ্রমাণ ভূভাগকে শর্করা (খোলা), অঙ্গার (কয়লা), অস্থি (হাড়), কেশঃ (চুল), তুষ প্রভৃতি-রহিত—পূর্ব্বে বা উত্তরে ঢালু অথবা সমতল ("প্রাগুদীচং ব্রহ্মবর্চ্চস্যমুদগুদীচং যশোত্তমম্। পিত্র্যং দক্ষিণতো নীচং প্রতিষ্ঠাকামকং সমম্॥"—গৃহ্যাসংগ্রহ)—এবং ছায়াজনক-

গৃহবিশিষ্ট করিয়া, গোময় দ্বারা লেপিয়া ("বিষ্ণুপাদপরিক্রান্তা বরাহেণোদ্ধৃতা চ বা। শুচির্মেধ্যা চ পূতা চ কিমর্থমুপলিপ্যতে॥ ইন্দ্রেণ বজ্রাভিহতঃ পুরা বৃত্রো মহাসুরঃ। মেদসা॥ তস্য সংক্লিন্না তদর্থমুপলিপ্যতে॥"—গৃহ্যাসংগ্রহ)। জ্ঞাতব্য—বেদি শব্দের অর্থ পরিস্কৃত ভূমি। গৃহমধ্যে ঐরূপ পরিস্কৃত স্থান করিয়া লইলেও ছায়ামণ্ডপসহিত বেদি হয়। বাহিরে মৃত্তিকাস্তূপ দ্বারা প্রস্তুত করিতে হইলে এক হাত উচ্চ করিতে হইবে এবং তাহার চারি কোণে নারিকেল-শাখা পুতিয়া ছায়ামণ্ডপ প্রস্তুত করিবে। যজমানেরই হস্ত, অঙ্গুলি প্রভৃতির পরিমাণ লইতে হয় (মানক্রিয়ায়ামুক্তায়ামনুক্তে মানকর্ত্তরি। মানকৃদ্ যজমানঃ স্যাদ্ বিদুষামেষ নিশ্চয়ঃ॥"—ছন্দোগপরিশিষ্ট।

(৫) হোমকর্ত্তা স্নান করিয়া পবিত্র হইয়া, আচমন করিয়া (হোমকার্য্যে দুইবার আচমন করিতে হয়—"হোমে ভোজনকালে চ সন্ধ্যয়োরুভয়োরপি। আচান্তঃ পুনরাচামেদন্যত্রাপি সকৃৎ সকৃৎ॥"—ব্রহ্মপুরাণ) পূর্ব্বমুখ হইয়া (কি দিবসে, কি রাত্রে, হোমকার্য্য পূর্ব্বমুখেই করিতে হয়), কুশযুক্ত আসনে (অর্থাৎ কুশাসনে, বা অন্য আসনে উত্তরাগ্র কুশ দিয়া তাহাতে) বসিয়া। জ্ঞাতব্য—পরে স্থণ্ডিলের উল্লেখ থাকায় এবং বামহস্ত পাতিয়া রাখিয়া কেবল দক্ষিণহস্তে ঐ স্থণ্ডিলে দ্বাদশাঙ্গুলাদি পরিমাণে রেখা করিবার উপদেশ থাকায় এই সময়েই স্থণ্ডিল প্রস্তুত করিবে এবং দ্বাদশাঙ্গুলাদি পরিমাণে কতকগুলি কাঠি বা কুশ (নখ-ব্যতিরেকে) কাটিয়া ঐ স্থণ্ডিলের উপর যথাস্থানে স্থাপন করিবে। যথা—আপনার সম্মুখে কিঞ্চিৎ স্থান ব্যবধান রাখিয়া চতুর্দ্দিকে ১ হাত পরিমাণে ১ অঙ্গুলি উচ্চ করিয়া বালুকা দ্বারা হোমের স্থান প্রস্তুত করিবে; উহাকেই স্থণ্ডিল বলে ("কিঞ্চিদুচ্ছ্রিতা সমা কৃত্রিমা ভূমিঃ স্থণ্ডিলমুচ্যতে"—গৃহ্যপরিশিষ্ট; "বালুকাভিস্তু কর্ত্তব্যং স্থণ্ডিলং হস্তমাত্রকম্। অঙ্গুষ্ঠোচ্ছ্রিতমানেন যজ্ঞার্থং সর্ব্বশোভনম্॥"—স্মৃতি। "সিকতা নিবপতি। এতদ্ বা অগ্নের্বৈশ্বানরস্য রূপম্।" শ্রুতি)। যে যে স্থলে অঙ্গুলির মাপ লইবার কথা আছে, সেই সেই স্থলে বৃহৎ পর্ব্বের আড় দিকের মাপ লইতে হয়। ঐরূপ ২৪ অঙ্গুলিতে ১ হাত হয়। সুতরাং স্থণ্ডিলটি চতুর্দ্দিকেই ২৪ আঙ্গুল হইবে। ঐরূপে স্থণ্ডিল প্রস্তুত করিয়া উহার পশ্চিমে ২ আঙ্গুল ও দক্ষিণে ১ আঙ্গুল বাদ দিবার জন্য ("অঙ্গুষ্ঠমাত্রং ভূভাগং ত্যক্ত্বা দক্ষিণতঃ সুধীঃ। উত্তরে দ্ব্যঙ্গুলং ত্যক্ত্বা পশ্চিমেঽপ্যঙ্গুলিদ্বয়ম্॥"—স্মৃতি) একগাছি ১ আঙ্গুল কুশ স্থণ্ডিলের নৈর্ঋতকোণে উত্তরাগ্র করিয়া পাতিবে, এবং একগাছি ২ আঙ্গুল কুশ ঐ কুশের অগ্রভাগে পূর্ব্বাগ্র করিয়া পাতিবে। তৎপরে একগাছি ১২ আঙ্গুল কুশ ঐ পূর্ব্বাগ্র কুশের অগ্রভাগ হইতে পূর্ব্বাগ্র করিয়া পাতিবে; পরে একগাছি ২১ আঙ্গুল কুশ ঐ ১২ আঙ্গুল কুশের মূল হইতে উত্তরাগ্র করিয়া পাতিবে (তাহা হইলেই

(৬), দক্ষিণং জানু ভূমৌ পাতয়িত্বা (৭), উত্তরাগ্র-কুশোপরি সব্যহস্ত-প্রাদেশম্ উত্তানম্ আগ্নিস্থাপনপর্য্যন্তং ভূমৌ নিধায় (৮), দক্ষিণহস্তানামিকাঙ্গুষ্ঠাভ্যাং গৃহীতকুশমূলেন (৯), স্বাঙ্গুষ্ঠ-পরিমিতাঙ্গুলেন, স্থণ্ডিল-দক্ষিণপ্রান্তে, দ্বাদশাঙ্গুলপ্রমাণাং পূর্ব্বাভিমুখীং রেখামুল্লিখ্য (১০)। ওঁ রেখেয়ং পৃথ্বী-দেবতাকা পীতবর্ণা। ইতি ধ্যায়েৎ (১১)। ততস্তন্মূলতঃ প্রভৃতি একবিংশত্যঙ্গুলপ্রমাণাম্ উত্তরাভিমুখীং রেখা মুল্লিখ্য (১২)। ওঁ রেখেয়-মগ্নিদেবতাকা

উত্তরদিকে ২ আঙ্গুল বাদ থাকিবে) ; তৎপরে তিনগাছি ৭ আঙ্গুল কুশ লইয়া ঐ ১২ আঙ্গুল কুশের মূল হইতে ২১ আঙ্গুল কুশের গায়ে গায়ে উত্তরাগ্র করিয়া পাতিবে (৩ ×৭=২১); পরে তিনগাছি প্রাদেশ-পরিমাণ (অর্থাৎ অঙ্গুষ্ঠের অগ্রভাগ হইতে তর্জ্জনীর অগ্রভাগ পর্য্যন্ত মাপের) কুশ লইয়া ঐ তিনগাছি সাত আঙ্গুল কুশের অগ্রভাগে পূর্ব্বাগ্র করিয়া পাতিবে। (৬) স্থণ্ডিলের উত্তরদিকে, জল-প্রোক্ষণের জন্য কুশ (ত্রিপত্র) ও পুষ্প-যুক্ত একটি জলপাত্র (কোশা বা চমস) রাখিয়া।

(৭) ডাইন হাঁটু ভূমিতে পাতিয়া। (৮) কোলের কাছে একগাছি কুশ উত্তরাগ্র করিয়া পাতিয়া, তাহার উপর বামহস্তকে প্রাদেশের আকারে চিৎ করিয়া অগ্নিস্থাপন পর্য্যন্ত রাখিয়া। (৯) দক্ষিণ হস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা একগাছি কুশ লইয়া, ঐ কুশের মূল দিয়া। (১০) আপন অঙ্গুষ্ঠ দ্বারা পরিমিত (অর্থাৎ অঙ্গুষ্ঠের উপরিস্থ পর্ব্বের-পরিমিত) মাপে ("অঙ্গুলশব্দ এব বিগতে '—গোয়ীচন্দ্র) স্থণ্ডিলের দক্ষিণ ধারে, ১২ আঙ্গুল (অর্থাৎ পূর্ব্ব-পাতিত ১২ আঙ্গুল কুশের গায়ে) পূর্ব্বাগ্র রেখা কাটিয়া (কররেখার ন্যায় এই রেখা অগ্নির শুভ লক্ষণ। "ফলেন ফলনী চৈব পুষ্পেণ শ্রিয়মৃচ্ছতি। পর্ণেন ধনলাভঃ স্যাদ্ দীর্ঘমায়ুঃ কুশেন তু॥ তস্মাৎ ফলেন পুষ্পেণ পর্ণেনাথ কুশেন বা। প্রোল্লিখেল্লক্ষণং বিপ্রঃ সিদ্ধিকামস্ত কর্ম্মসু॥"—গৃহ্যাসংগ্রহ); তাহার দেবতা পৃথিবী ও হরিদ্রাবর্ণ ধ্যান করিবে (অর্থাৎ ধ্যানার্থ সর্ব্বত্রই "ওঁ রেখেয়ং" ইত্যাদি মন্ত্রগুলি বলিবে।) (১১) ইয়ং রেখা, পৃথ্বী দেবতা অস্যাঃ ইতি পৃথ্বীদেবতাকা, তথা পীতঃ বর্ণঃ অস্যাঃ ইতি পীতবর্ণা, ভবতীতি শেষঃ সর্ব্বত্র।

(১২) তার পর তাহার (অর্থাৎ ঐ ১২ আঙ্গুল রেখার মূল হইতে ২১ আঙ্গুল পরিমাণে (অর্থাৎ পূর্ব্বপাতিত ২১ আঙ্গুল কুশের গায়ে) উত্তরাগ্র রেখা কাটিয়া, তাহার দেবতা অগ্নি ও রক্ত বর্ণ ধ্যান করিবে। জ্ঞাতব্য—সমস্ত রেখাগুলিই ২১ আঙ্গুল রেখার সহিত সংলগ্ন হইবে। (১৩) ইয়ং রেখা, অগ্নির্দ্দেবতা অস্যাঃ ইতি অগ্নি-

লোহিতবর্ণা। ইতি ধ্যায়েৎ (১৩)। ততঃ প্রথমরেখায়া উত্তরতঃ সপ্তাঙ্গুলান্তরিতাং প্রাদেশপ্রমাণাং পূর্ব্বাভিমুখীং রেখামুল্লিখ্য (১৪)। ওঁ রেখেয়ং প্রজাপতিদেবতাকা কৃষ্ণবর্ণা। ইতি ধ্যায়েৎ (১৫)। ততঃ সপ্তাঙ্গুলান্তরিতাং প্রাদেশপ্রমাণাং পূর্ব্বাভিমুখীং রেখামুল্লিখ্য (১৬)। ওঁ রেখেয়-মিন্দ্রদেবতাকা নীলবর্ণা। ইতি ধ্যায়েৎ (১৭)। ততোঽপি সপ্তাঙ্গুলান্তরিতাং প্রাদেশপ্রমাণাং পূর্ব্বাভিমুখীং রেখামুল্লিখ্য (১৮)। ওঁ রেখেয়ং সোমদেবতাকা শুক্লবর্ণা। ইতি ধ্যায়েৎ (১৯)। ততো দক্ষিণহস্তানামিকাঙ্গুষ্ঠাভ্যাং ক্রমেণ রেখাস্থ উৎকরং গৃহীত্বা (২০)। প্রজাপতিঋষি-

---

